পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষপঃ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১।	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	১০টি	০৫টি	০৭টি	০০টি	০৬টি	৮টি	১২.৫০% ৭৫.০০%	৪টি	১.৮৩% ৩৩.৩৩%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা :** ০৮টি

২। **সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল :**

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
১।	"Implementation of HCFC Phase-out Management Plan (HPMP) UNEP Component (Stage-1) (২য় সংশোধিত)" কারিগরি সহায়তা সমাপ্ত প্রকল্প।	২৭৮.৭০ (জিওবি ইন কাইন্ড ১৯.৮০+ প্রকল্প সাহায্য ২৭৮.৭০ লক্ষ টাকা)	জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৯ (৬৬ মাস)
২।	National Capacity Development for Implementating Rio Conventions through Environmental Governance TA Project	৬৭০.৮০ বিনিয়োগ	অক্টোবর ২০১৬ হতে জুন ২০১৯ পর্যন্ত
৩।	'ইউএন রেড বাংলাদেশ জাতীয় কর্মসূচী (UN-REDD Bangladesh National Programme) (১ম সংশোধিত)' শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন	১৮৬০.১৯ প্রঃ সাহায্য	জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৯ পর্যন্ত
৪।	চর উন্নয়ন ও বসতি স্থাপন প্রকল্প-৪ (বন অংগ)(-২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্প।	২৯৪৮.২৬ বিনিয়োগ ও প্রঃ সাঃ	জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত
৫।	"বাংলাদেশে রেডপ্লাস কার্যক্রমে সহায়তার আওতায় জাতীয় বন ইনভেন্ট্রি এবং উপগ্রহভিত্তিক ভূমি পরিবীক্ষণ ব্যবস্থা শক্তিশালীকরণ (NFI) (১ম সংশোধিত)" শীর্ষক সমাপ্ত কারিগরি সহায়তা প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন	৪৭২০.৮৬০ প্রঃ সাহায্য	জানুয়ারি, ২০১৫ হতে জুন, ২০১৯ পর্যন্ত
৬।	"লালমাই পাহাড় এলাকায় উদ্ভিদ উদ্যান স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প।	১৫৭১.০১ বিনিয়োগ	জুলাই ২০১৫ হতে জুন ২০১৯ পর্যন্ত
৭।	"সাপোর্ট টু দি ডিপিপি প্রিপারেশন অব সাসটেইনেবল ফরেস্ট এন্ড লাইভলিহুড (সুফল) (সংশোধিত)" শীর্ষক সমাপ্ত কারিগরি সহায়তা প্রকল্প।	৪৮২.৭৫ জিওবি ৭.২০ প্রঃ সাহায্য ৪৭৫.৫৫	জুলাই, ২০১৭ হতে জানুয়ারি, ২০১৯ (১৯ মাস)
৮।	"স্ট্রেংদেনিং মনিটরিং এ্যান্ড এনফোর্সমেন্ট ইন দ্যা মেঘনা	১১৬১.৩০ (জিওবি ইন কাইন্ড	নভেম্বর, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত

	রিভার ফর ঢাকা সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রকল্প (২য় সংশোধিত)" কারিগরি সহায়তা সমাপ্ত প্রকল্প।	৩৮৭.১০+প্রকল্প সাহায্য এডিবি ৭৭৪.২০ লক্ষ টাকা)	(৩৮ মাস)
৯।	'বন বিভাগের সকল প্রশিক্ষণ ইনস্টিটিউট সমূহের সুবিধাদির উন্নয়ন (১ম সংশোধিত)' শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন	২০৬০.১৫৮ বিনিয়োগ	জুলাই, ২০১৫ হতে জুন,২০১৯ পর্যন্ত।
১০।	"Clean Air and Sustainable Environment (CASE) (নির্মল বায়ু ও টেকসই পরিবেশ (৩য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্প	মন্ত্রণালয় ২৫৬.০০ পরিবেশ অধিদপ্তর ২৮৪৭৯.০০	জুলাই ২০০৯ হতে জুন, ২০১৯ পর্যন্ত
	"Clean Air and Sustainable Environment (CASE)- (নির্মল বায়ু ও টেকসই পরিবেশ (৩য় সংশোধিত) DSCC & DNCC Component (3rd Revised)" প্রকল্প।	৪৬০৯৪.১৭ বিনিয়োগ ও প্রকল্প সাহায্য	জুলাই ২০০৯ হতে জুন, ২০১৯ পর্যন্ত
	"Clean Air and Sustainable Environment (CASE)- (নির্মল বায়ু ও টেকসই পরিবেশ (৩য় সংশোধিত) DTCA Component (3rd Revised)" প্রকল্প।	৫৪২৩.০০ বিনিয়োগ ও প্রকল্প সাহায্য	জুলাই ২০০৯ হতে জুন, ২০১৯ পর্যন্ত

৩। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :**

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
-	-

সংযুক্তি-১

৪। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ :**

ক্রমিক নং	পর্যবেক্ষণ ও সমস্যাসমূহ	সুপারিশসমূহ
১.	**সময় ও ব্যয় অতিক্রান্ত :** প্রকল্পটি মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৯৩.৪২ লক্ষ টাকা, মেয়াদকাল ছিল জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৮ পর্যন্ত। টাকার অবমূল্যায়নের কারণে প্রকল্পের ব্যয় সংশোধন করা হয় ২৯৮.৮০ লক্ষ টাকা, মেয়াদ বৃদ্ধি করে জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। ফলে প্রকল্পের অতিরিক্ত ব্যয় হয়েছে ১.৮৩% এবং সময় অতিক্রান্ত হয়েছে ০২ বছর (৫৭.১৪%)। **প্রকল্প মনিটরিং :** আলোচনা ও পর্যালোচনা করে দেখা যায়, প্রকল্পটি আইএমইডি কর্তৃক ইতোপূর্বে ২৬/১২/২০১৭ তারিখে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। তবে আইএমইডি'র প্রতিবেদনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করা হয়নি। **অসম্পূর্ণ পিসিআর প্রেরণ** : মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত আলোচ্য প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পর্যালোচনান্তে কিছু অসম্পূর্ণতা পরিলক্ষিত হয়েছে, পিসিআরএ কিছু ভুলত্রুটি ছিল। **অডিট কার্যক্রম :** কারিগরি সহায়তা প্রকল্পটি জুন, ২০১৯	প্রকল্পটি জুন, ২০১৯ এ সমাপ্ত হলেও অদ্যাবধি কেন প্রকল্পের অডিট সম্পাদন করা হয়নি প্রকল্প পরিচালককে তার ব্যাখ্যা দিতে হবে ; প্রকল্প সমাপ্ত হওয়ার দীর্ঘ দেড় বছর পর পিসিআর প্রেরণ করা হয়েছে, যা খুবই অনাকাঙ্খিত। তাই, ভবিষ্যতে প্রকল্প সমাপ্ত হওয়ার ৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে পিসিআর প্রেরণ করতে হবে ; মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে ব্যয় বৃদ্ধি ১.৮৩% ও সময় বৃদ্ধি ৫৭.১৪০%। ভবিষ্যতে মূল প্রকল্পের নির্ধারিত প্রাক্কলন ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সংস্থার দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ভবিষ্যতে Time bound ও Leagally Binding Protocol বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক যে সমস্ত প্রকল্প গ্রহণ করা হয় তা বিশেষ গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে যেন প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে অযথা সময় ক্ষেপন না হয় সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে ; লাইসেন্সিং প্রথার আওতায় ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের হ্রাস

	এ সমাপ্ত হয়েছে। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, ২০১৮-২০১৯ অর্থবছরের অডিট কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া যায়নি। সে প্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থবছরেরে অডিট কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন। প্রকল্পের আওতায় অনুমোদিত আরটিএপিপি অনুযায়ী সকল অংগের কাজ ১০০% বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটির আরটিপিপি'র প্রাক্কলিত ২৯৮.৮০ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে সর্বমোট ব্যয় হয়েছে ২৯৮.৫০ লক্ষ টাকা।	করতে হবে হ্রাসের সময় এবং পরিবেশবান্ধব বিকল্প ব্যবহার উৎসাহিত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে যাতে ব্যবহারকারীরা ক্ষতিগ্রস্ত না হয়; রেফ্রিজারেশন ও এয়ার-কন্ডিশনিং সেক্টরে কর্মরত টেকনিশিয়ানদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনে আলাদা প্রশিক্ষণ প্রকল্প গ্রহণ করা যেতে পারে। Training Workshop on Good Service Practices শীর্ষক কর্মশালার আওতায় টেকনিশিয়ানকে প্রশিক্ষণ প্রদান করলে এই সেক্টরের কর্মদক্ষতা ও পরিবেশবান্ধব ব্যবস্থাপনা অনেকগুন বৃদ্ধি পাবে। এতে করে দক্ষ টেকনিশিয়ানদেশের চাহিদা মিটিয়ে বিদেশে পাঠানো যেতে পারে।
২.	**প্রশিক্ষণ মডিউল প্রণয়ন:** তিনটি রিও কনভেনশনের উদ্দেশ্য, নীতিমালা, বাধ্যবাধকতা এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাস্তবায়নের পদ্ধতি সম্পর্কে সরকারি কর্মকর্তাদের সঠিক ধারণা প্রদান করার লক্ষ্যে রিও প্রকল্প ৩ (তিন)টি রিও কনভেনশন সংক্রান্ত একটি প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করা হয়েছে। ইতোমধ্যে মডিউলটি BCSAA'এর ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১ এবং ১১২তম আইন ও প্রশাসন কোর্সে অন্তর্ভুক্ত হয়েছে। **০৮টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মধ্যে অংশীদারিত্ব তৈরি:** রিও কনভেনশনসমূহকে প্রশিক্ষণের মূল ধারায় অন্তর্ভুক্তির মাধ্যমে প্রাতিষ্ঠানীকরণের লক্ষ্যে রিও প্রকল্প ০৮ (আট) টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান যথা BPATC, BCSAA, NAPD, BIAM, NATA, BARD, RDA এবং NAEM সাথে অংশীদারিত্ব স্থাপন করেছে। Need Assesment এর মাধ্যমে উপর্যুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রিও কনভেনশনসমূহ নিয়ে একটি সমন্বিত রিপোর্ট প্রণীত হয়েছে। উপর্যুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে কার্যক্রম অব্যাহত রাখার উদ্দেশ্যে প্রতিটি প্রতিষ্ঠান থেকে ০১ (এক) জন মুখ্য এবং ০১ (এক) জন বিকল্প ফোকাল পার্সন মনোনয়ন দেয়া হয়েছে যাঁদেরকে নিয়ে পৃথকভাবে মতবিনিময় সভা আহ্বান করা হয়েছে। **প্রতিবেশ ব্যবস্থাপনা তহবিল গঠন:** এই প্রকল্পের উদ্যোগে প্রতিবেশগত সংকাটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা ২০১৬ এর বিধি ২৩ এর অধীন পরিবেশ অধিদপ্তরের আওতায় "প্রতিবেশ ব্যবস্থাপনা তহবিল" গঠিত হয়েছে এবং এই প্রকল্প থেকে ১২ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। **কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বার্ষিক উন্নয়ন কার্যক্রমে রিও কনভেনশনসমূহকে অন্তর্ভুক্তি:** কৃষিতে জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন এবং মরুময়তা রোধ কনভেনশনের প্রতিশ্রুতিসমূহ অন্তর্ভুক্ত করার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জন্য একটি সূচক কাঠামো (Indicator Framework) প্রস্তুত করা হয়েছে। **পরিবেশ অধিদপ্তরের তথ্য প্রযুক্তির সক্ষমতা বৃদ্ধি ও অফিস আধুনিকায়ন:** রিও প্রকল্প থেকে অফিস ব্যবস্থাপনার লক্ষ্যে ১টি ল্যাপটপ, ৪টি ডেস্কটপ, ১টি	প্রকল্পের আওতায় যে সকল ডকুমেন্টস প্রস্তুত করা হয়েছে, সেগুলি যথাযথভাবে সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ এবং তার ধারাবাহিকতা রক্ষা ও টেকসই করার লক্ষ্যে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, মরুময়তা এবং ভূমিক্ষয় রোধ কনভেনশনসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে রিও প্রকল্প থেকে প্রাপ্ত তথ্যপ্রযুক্তিগুলি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিতরণ কিংবা শিক্ষা পাঠক্রমে অন্তর্ভুক্ত করা যেতে পারে। এক্সটার্নাল অডিটের বিষয়ে লিখিত কোন তথ্য পাওয়া যায়নি, প্রকল্প কর্তৃপক্ষ এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে পারে।

	মনিটর, ১টি ক্যামেরা, ১টি মাল্টিমিডিয়া, ১টি ফটোকপি মেশিন, ১টি স্ক্যানার, ১টি প্রিন্টার, ১০ টি বিভিন্ন ধরণের টেবিল, ২৪টি বিভিন্ন আকারের চেয়ার, ১টি সোফা, ১টি স্টিলের আলমিরা, ১টি লকার এবং বিভিন্ন রুম সজ্জিতকরণ মালামাল ক্রয় করা হয়েছে। ফলে পরিবেশ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। IT Equipments/Furnitures গুলিকে Non-expendable Property Register এ লিপিবদ্ধ করে Asset ID Number প্রদানপূর্বক পরিবেশ অধিদপ্তরে ব্যবহৃত হচ্ছে। **গ. মানবসম্পদ উন্নয়ন:** রিও প্রকল্পের মাধ্যমে মধ্যম পর্যায়ের সরকারি কর্মকর্তাগণের জন্য ৩টি রিও কনভেনশন বিষয়ে মোট ০৬ (ছয়) টি "প্রশিক্ষকদের প্রশিক্ষণ" (TOT) এর আয়োজন করা হয়েছে। TOT প্রশিক্ষণে ১০টি মন্ত্রণালয়, ০৬টি অধিদপ্তর এবং ১০টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মোট ১১০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।	
৩.	প্রকল্পের আওতায় মুদ্রা বিনিময় হার পরিবর্তনের কারণে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পেয়েছে। প্রকল্প প্রণয়নকালে মুদ্রা বিনিময় হার ছিল ১ ডলারের পরিবর্তে ৭৮ টাকা। বর্তমানে ১ ডলারের বিপরীতে বিনিময় হার ৮৪ টাকা। এ কারণে অতিরিক্ত ৬৫.৮০ লাক্ষ টাকা প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়ে মোট ১৮৬০.১৯ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে যা মূল ব্যয়ের ৩.৬৭%। এ পর্যায়ে ব্যয় বৃদ্ধির প্রাক্কলন পদ্ধতির যে পরিমান বৈদেশিক মুদ্রা অবশিষ্ট ছিল তা ১ ডলার এর বিপরীতে ৮৪ টাকা হিসেবে প্রাক্কলন করা হয়। প্রকল্প সংশোধনীতে বর্ধিত সময়ে ভ্রমণখাতে ব্যয় হ্রাস পেয়ে ১৯৭.১১৬ লক্ষ টাকা, প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে ব্যয় বৃদ্ধি করে ৩০৭.৫২৩ লক্ষ টাকা, এফএও অংশে ব্যয় বৃদ্ধি করে ৪৮০.২২৭ লক্ষ টাকা করা হয়। যেহেতু স্টেশনারী খাত হতে মূলত স্টেশনারীসহ প্রশিক্ষণ, কর্মশালা, সভা, মুদ্রণ, অডিও ভিডিও, সচেতনতামূলক কর্মকান্ড ইত্যাদি কার্যক্রমের ব্যয় নির্বাহ করা হয়ে থাকে সেহেতু বর্ধিত সময়ে কাজ সম্পন্ন করার উদ্দেশ্যে বরাদ্দ বৃদ্ধি করে ৩০০.৯৭ লক্ষ টাকা করা হয়। জাতীয় এবং আন্তর্জাতিক পরামর্শক খাতে বরাদ্দ অপরিবর্তিত রয়েছে। মূলধন খাতে বরাদ্দ কমিয়ে ৭৭.৪৮ লক্ষ টাকা করা হয়। এ প্রসঙ্গে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান প্রকল্পে একটি সার্ভার কেনার প্রস্তাব থাকলেও বন বিভাগের সার্ভার পরিচালনার জন্য জনবল না থাকার কারণে সার্ভারটি ক্রয় করা হয়নি; এ সংক্রান্ত পরিসেবাটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল থেকে নেয়া হয়েছে। মুদ্রা বিনিময় হার পরিবর্তনের কারণে প্রকল্প বাজেট এফএও এবং ইউএনডিপি এর	প্রকল্পটি জুন, ২০১৯ এ সমাপ্ত হলেও অদ্যাবধি কেন প্রকল্পের অডিট সম্পাদন করা হয়নি প্রকল্প পরিচালক বা প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাকে তার ব্যাখ্যা দিতে হবে ; মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে ব্যয় বৃদ্ধি ৩.৬২% ও সময় বৃদ্ধি ৩৩%। ভবিষ্যতে মূল প্রকল্পের নির্ধারিত প্রাক্কলন ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সংস্থার দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; প্রকল্পের আওতায় যানবাহন, যন্ত্রাংশ ও সরঞ্জামাদি এ যাবত To&E ভূক্ত করা হয়নি। এগুলো To&E ভূক্ত করা প্রয়োজন ; ভবিষ্যতে Time bound ও Leagally Binding Protocol বাস্তবায়নের লক্ষ্যে বন অধিদপ্তর কর্তৃক যে সমস্ত প্রকল্প গ্রহণ করা হয় তা বিশেষ গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে যেন প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে অযথা সময় ক্ষেপন না হয় সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে ;

	সার্ভিস চার্জ বৃদ্ধি পেয়েছে। অর্থাৎ প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ১৭৯৪.৩৯ লক্ষ টাকা হতে বৃদ্ধি পেয়ে মোট ১৮৬০.১৮৭ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। পিসিআর এ তথ্য বিশ্লেষণে দেখা গেছে যে, ২০১৮ ও ২০১৯ সালের কোন অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়নি। প্রকল্পটি যেহেতু জুন, ২০১৯ এ সমাপ্ত হয়, সেহেতু প্রকল্প পরিচালক/প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাকে কেন অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি তার ব্যাখ্যা প্রদান করা প্রয়োজন।	
৪.	**জনবল নিয়োগ ও অর্থ ব্যয় সংক্রান্ত অনিয়ম:** প্রকল্পটির মূল ডিপিপি ও ১ম সংশোধিত ডিপিপিতে বোট ক্রয় এবং বোট অপারেটিং বাবদ আর্থিক সংস্থান রাখা হয়। এ বোট পরিচালনার জন্য বোট ড্রাইভার-১ জন ও বোট হেলপার-১ জনের সংস্থানসহ অনুমোদিত জনবল ১৪ জন। প্রকল্পের আওতায় নিয়োগকৃত হিসাব রক্ষক চাকুরী হতে ইস্তফা দেন তারিখে এবং অফিস সহকারী (ডেপুটেশনে) তিনিও অন্যত্র বদলী হয়েছেন। এ কারণে উল্লিখিত ২ জনের অনুমোদিত বাস্তবায়নকালের বিপরীতে আংশিক সময়ের বেতন-ভাতা প্রদান করা হয়েছে। **অন্যদিকে,** মূল ডিপিপি অনুমোদনের পর প্রকল্প হতে ১ জন বোট ড্রাইভার ও ১ জন বোট হেলপার নিয়োগ প্রদান করা হয়। প্রকল্প সমাপ্তি পর্যন্ত নিয়োগকৃত বোট ড্রাইভার ও বোট হেলপার-এর বেতন-ভাতা প্রদান করা হয়েছে। আবার বোট অপারেটিং বাবদ সংস্থানকৃত ৩.০০ লক্ষ টাকার সমুদয় অর্থই ব্যয় করা হয়েছে। উল্লেখ্য, প্রকল্পটির ২য় সংশোধনী অনুমোদনকালে বোট ক্রয়ের পরিবর্তে ১টি জিপ ক্রয়ের সংস্থান রাখা হলেও জিপ গাড়িটি চালনার জন্য গাড়ীচালক এর সংস্থান রাখা হয়নি। প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপি বরাদ্দের বিভাজন ও অর্থ ব্যয় সংক্রান্ত তথ্যাদির প্রতিবেদনে বিশ্লেষণ করা হয়েছে।	অফিস-কাম ডরমেটরী ভবন নির্মাণ কাজ পরিদর্শনের সময় অনুমোদিত আরসিসি ওয়ার্ক, স্টোন ফ্লোর, সারফেস ড্রেন, সেপটিক ট্যাংক, ডিজেল জেনারেটর, ১টি হ্যান্ড বেসিন এর কাজ দৃষ্টিগোচর হয়নি। অথচ এসকল কাজের বিপরীতে বিল পরিশোধ করা হয়েছে। অন্যদিকে, আরডিপিপি'র সংস্থানকৃত অর্থের মধ্যে ০.৯৮ লক্ষ টাকা ব্যয় করা না হলেও পিসিআর-এ ব্যয় দেখানো হয়েছে। বর্ণিত উপাংগসমূহের বাস্তবায়ন না করা এবং প্রকৃত ব্যয়ের অতিরিক্ত অর্থ ব্যয় দেখানোর বিষয়টি স্পষ্ট নয় বিধায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখতে পারে ; প্রকল্পের আওতায় বাস্তবায়িত "বাঁধের ধার বনায়ন এবং রোড সাইড প্ল্যানটেশন" কাজ পরিদর্শন করা হয়। অনুমোদিত সংস্থানের বিপরীতে এ দু'ধরনের সড়কে প্রতি কিলোমিটারে ৭-৮% নারিকেলের গাছ থাকা, সংস্থান থাকলেও আরাহার/ধনচে বাগান সৃজন না করা, সাইনবোর্ড স্থাপন ও বাউন্ডারী পিলার নির্মাণ না করা ইত্যাদি। এ ধরনের কার্যক্রম বাস্তবায়ন ব্যতিরেকে অর্থ ব্যয় করার ক্ষেত্রে কোন অনিয়ম হয়ে থাকলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারে ; প্রকল্পের আওতায় জনবলের সংখ্যা অর্থ-বছর ভেদে ভিন্ন ভিন্ন দেখানো ও বেতন-ভাতা প্রদান করা এবং বোট ক্রয়ের পরিবর্তে জীপ ক্রয় করা হলেও প্রকল্প সমাপ্তি পর্যন্ত একজন বোট ড্রাইভার ও একজন বোট হেলপার নিয়োগসহ বেতন-ভাতা প্রদান করা হয়। ফলে প্রকল্পের জনবল অংগে অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব পরিলক্ষিত হয়েছে বিধায় কোন অনিয়ম হয়ে থাকলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখতে পারে ; প্রকল্পের মেয়াদকালে বছরওয়ারী ত্রুটিপূর্ণ সংশোধিত এডিপি বরাদ্দের সংস্থান দেখানো ও অবমুক্তি সংক্রান্ত তথ্যাদি পিসিআর-এ প্রদান না করায় অব্যয়িত অর্থের পরিমাণ নিরুপণ করা সম্ভব হয়নি। প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও প্রকৃত ব্যয়ের সঠিক চিত্র প্রদানসহ অব্যয়িত অর্থ যথানিয়মে সরকারি কোষাগারে জমাদান করা হয়েছে কিনা তা স্পষ্ট নয় বিধায় সরকারি কোষাগারে জমাদান সংক্রান্ত বার্ষিক রিকনসিলিয়েশন সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিশ্চিত করবে এবং আইএমইডিকে তা অবহিত করবে ; ভবিষ্যতে সমাপ্ত প্রকল্পের পিসিআর প্রেরণকালে নির্ধারিত ছক অনুযায়ী পূর্ণাঙ্গ এবং নির্ভুল তথ্য প্রতিফলনের বিষয়টি নিশ্চিত করার পাশাপাশি এ ধরনের তথ্য প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে আরও যত্নবান হতে হবে ;

৫.	National Forest Inventory বাস্তবায়ন, উপগ্রহভিত্তিক বন পরিবীক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি করার জন্য "বাংলাদেশ রেড++ কার্যক্রমের সহায়তার আওতায় জাতীয় বন ইনভন্ট্রো এবং উপগ্রহভিত্তিক ভূমি পরিবীক্ষণ ব্যবস্থা শক্তিশালীকরণ" শীর্ষক কারিগরি প্রকল্পটি গ্রহণ করা হয়। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হলো-Bangladesh Forest Investment Plan Preparation প্রণয়ন এবং Stakeholder –দের মধ্যে Capacity Buildings তৈরি করা, আন্তর্জাতিক চুক্তির জন্য প্রয়োজনীয় তথ্য উৎপাদন এবং জাতীয় বন নীতি ও ভূমি ব্যবস্থাপনায় সহায়তা প্রদান, জাতিসংঘ-রেডড প্রোগ্রাম, জাতীয় রেড+ প্রস্তুতি পরিকল্পনা এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং তার সংস্থার সক্ষমতা উন্নয়ন। এছাড়া আরেকটি উদ্দেশ্য ছিল বাংলাদেশে রেড+ কর্মসূচি বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকারকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা। এ সহযোগিতা মূলতঃ প্রয়োজনীয় রেড+ ব্যবস্থাপনা পদ্ধতি প্রতিষ্ঠা করা, জাতীয় রেড+কৌশল প্রণয়নের জন্য কৌশলগত উপায়সমূহ সনাক্ত করা এবং রেড+ বাস্তবায়ন শুরু করার জন্য প্রয়োজনীয় সক্ষমতা তৈরী করা হয়েছে।	মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর এ অনেক ভূল ত্রুটিপূর্ণ পাওয়া গেছে। ভবিষ্যতে সঠিক ও নির্ভূল পিসিআর প্রেরণে যত্নশীল হতে হবে ; প্রকল্প সমাপ্ত হওয়ার দীর্ঘ ১ বছর ৬ মাস পর পিসিআর প্রেরণ করা হয়েছে, যা খুবই অনাকাঙ্খিত। তাই, ভবিষ্যতে প্রকল্প সমাপ্ত হওয়ার ৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে পিসিআর প্রেরণ করতে হবে ; মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে ব্যয় বৃদ্ধি ৭.৫৯% ও সময় বৃদ্ধি ১২.৫০%। ভবিষ্যতে মূল প্রকল্পের নির্ধারিত প্রাক্কলন ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সংস্থার দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; প্রকল্পের আওতায় সংগৃহীত সম্পদসমূহ সংস্থার নিয়মিত পরিচালনা ব্যয়ের আওতায় মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা প্রয়োজন ; প্রকল্প সমাপ্তির সাথে সাথে অবশিষ্ট বা অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান বা সমর্পন করা আবশ্যক ; প্রকল্পের আওতায় যানবাহন, যন্ত্রাংশ ও সরঞ্জামাদি এ যাবত To&E ভূক্ত করা হয়নি। এগুলো To&E ভূক্ত করা প্রয়োজন ;
৬.	**প্রকল্প ফলাফল টেকসই (Sustainability) সংক্রান্ত:** প্রকল্পের আওতায় প্রায় ১০০ প্রজাতির বিরল ও বিলুপ্তপ্রায় দেশীয় প্রজাতির গাছের জীনপুল হয়েছে এ উদ্ভিদ উদ্যান। প্রকৃতি পর্যটনের সুযোগ-সুবিধা বৃদ্ধির মাধ্যমে বিরাট সম্ভাবনা সৃস্টি হয়েছে। শিক্ষার্থীদের, বিশেষ করে উদ্ভিদ বিদ্যা, প্রাণীবিদ্যা, বন বিদ্যা, পরিবেশ বিজ্ঞানসহ অন্যান্য ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক ক্লাশ করার একটি উপযুক্ত স্থান হয়েছে। এ প্রকল্পের আরও একটি গুরুত্বপূর্ন অর্জন হচ্ছে লালমাই উদ্যানের একটি মাস্টারপ্ল্যান করা। বর্তমান উদ্ভিদ উদ্যানটি দুটি ভাগে বিভক্ত। এক ভাগে ১৫ একর এবং অন্য ভাগে ০২ একর। তাছাড়া পাশ্ববর্তী আরও একটি অংশেন বন বিভাগের ৩৫.০ একর প্রাকৃতিক শালবন রয়েছে। এ বনের জায়গার মাঝে ব্যক্তিগত ৩০.০ একর ভূমি রয়েছে। উদ্যানটিকে টেকসই করা এরং বনের মাঝে বসতি বৃদ্ধি পেলে বনের ইকো সিস্টেম বিঘ্নিত হবে। যা উদ্ভিদের বৃদ্ধি, বন্যপ্রাণীদের আবাসস্থল বাধাঁগ্রস্থ হবে। এমনকি বনের নিরাপত্তা বিঘ্নিত হবে। উদ্যানের মাস্টারপ্লানের আলোক পরবর্তী ব্যবস্থা গ্রহণের মধ্যমে অর্জিত ফলাফল টেকসই করার প্রয়োজন।	প্রকল্পের আওতায় সংগৃহীত সম্পদসমূহ সংস্থার নিয়মিত পরিচালন ব্যয়ের আওতায় রক্ষণাবেক্ষণ ও সংস্কার করতে হবে; প্রকল্পরে আওতায় প্রস্তুতকৃত মাস্টারপ্ল্যান অনুযায়ী কার্যকর উদ্যোগ গ্রহণ এবং অর্জিত ফলাফল টেকসই করণে প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে; অডিট কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে; জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কার্বন এর আধার বৃদ্ধি, জীববৈচিত্র ও বন্যপ্রাণির আসাবস্থল সংরক্ষণ, শিক্ষা ও গবেষণার সুযোগ বৃদ্ধি বিবেচনায় সংস্থা কর্তৃক পরিকল্পিত ভাবে এ ধরণের কার্যক্রম বৃদ্ধির উদ্যোগ নিতে হবে; উদ্যানে বনায়নের একটি বিস্তারিত ডাটা বেইজ তৈরি করতে হবে; প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী ও অন্যান্য যন্ত্রপাতি প্রকল্প শেষে বিধি মোতাবেক হস্তান্তর নিশ্চিত করতে হবে;
৭.	এ প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করে "Sustainable Forests and Livelihoods (SUFAL)" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে-বর্তমানে প্রকল্পটি চলমান রয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৫০২.৭২ কোটি টাকা (জিওবি ৩২.৭২ কোটি টাকা	ভবিষ্যতে মূল প্রকল্পের নির্ধারিত প্রাক্কলিত ব্যয় ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট থাকার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; প্রকল্পের মাধ্যমে যেসকল লজিস্টিক সুবিধা তৈরী হয়েছে তা যথাযথভাবে ব্যবহার এবং সংরক্ষণের বিষয়টি গুরুত্বসহ

	এবং প্রকল্প সাহায্য (বিশ্ব ব্যাংক ঋণ) ১৪৭০.০০ কোটি টাকা)। প্রকল্পের অনুমোদিত বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০১৮ হতে জুন, ২০২৩ পর্যন্ত। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো সহযোগীতামূলক বন ব্যবস্থাপনার উন্নয়ন এবং প্রকল্প এলাকায় বন নির্ভর স্থানীয় জনগোষ্ঠির বিকল্প আয় বর্ধক কাজের সুযোগ বৃদ্ধি করা। প্রকল্পের মূল কার্যক্রম-প্রাতিষ্ঠানিক দক্ষতা ও তথ্য ব্যবস্থাপনা শক্তিশালীকরণ এবং প্রশিক্ষণ প্রদান। বন অধিদপ্তরের প্রশাসনিক এবং পরিচালন পদ্ধতি পর্যালোচনা, প্রাতিষ্ঠানিক সংস্কার প্রস্তাব এবং ফরেষ্ট ম্যানুয়েল হালনাগাদকরণ। সহযোগীতামূলক বন ও রক্ষিত এলাকার পরিকল্পনা, পরিচালনা ও নিরীক্ষণের জন্য প্রযুক্তি নির্ভর বন ব্যবস্থাপনার তথ্য ব্যবস্থা প্রতিষ্ঠা করা। ৭.৫ লক্ষ উন্নত চারা উত্তোলনের জন্য চট্টগ্রাম, গাজিপুর এবং যশোরের সামাজিক বনায়নের নার্সারি ট্রেনিং সেন্টারে ৩টি টিস্যু কালচারের সুযোগ-সুবিধার ব্যবস্থা করা। উন্নত পদ্ধতিতে চারা উত্তোলনের জন্য ২০০০ নার্সারি মালিক এবং আধুনিক করাতকল ব্যবস্থাপনা বিষয়ে ১০০০ করাতকল মালিকের প্রশিক্ষণ প্রদান। সহযোগীতামূলক বন ব্যবস্থাপনা ও রক্ষিত এলাকা ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য বন অধিদপ্তরের ১১৫৯ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান। ঢাকায় ২টি আন্তর্জাতিক কর্মশালার আয়োজন করা এবং ২০ লক্ষ জনগণের সচেতনতা বৃদ্ধি এবং মোটিভেশনের জন্য বড় আকারের জনসংযোগ কার্যক্রম ও বিভিন্ন দিবস পালন ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে পরিদর্শনকালে জানা যায়।	বিবেচনা করতে হবে। ক্রয়কৃত আসবাবপত্র ও যন্ত্রপাতির তালিকা সংরক্ষণপূর্বক সম্পদ রেজিস্টারভুক্ত করতে হবে। প্রকল্পের মাধ্যমে সংগৃহীত কম্পিউটার/ফটোকপিয়ার মেশিনসহ যাবতীয় যন্ত্রপাতি TO&E ভুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদে ০৩ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক ঘন ঘন বদলি এবং অতিরিক্ত দায়িত্ব পালন করায় প্রকল্পটির কার্যক্রম বাধাগ্রস্ত হয়েছে। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে পূর্ণকালিন নিয়োগসহ প্রকল্প পরিচালকের ঘন ঘন বদলি পরিহারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সজাগ দৃষ্টি রাখতে হবে ; প্রকল্পের আওতায় পরামর্শক সেবার মাধ্যমে লব্দ জ্ঞান ও প্রতিবেদনের সুপারিশসমূহ পরবর্তি প্রকল্পে কার্যকরভাবে ব্যবহার/বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; এবং
৮.	**প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি :** প্রকল্পের প্রকৃত ব্যয় হয়েছে ১১৬১.৩০ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০%। **বাস্তবায়ন সমস্যা :** **সময় ও ব্যয় অতিক্রান্ত :** প্রকল্পটি মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১১৬১.৩০ লক্ষ টাকা, মেয়াদকাল ছিল জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৭ পর্যন্ত। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করে জুলাই, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত নির্ধারণ করা হয়। ফলে প্রকল্পের সময় অতিক্রান্ত হয়েছে ১ বছর ৬ মাস অর্থাৎ ৭৫%। **প্রকল্প মনিটরিং :** আলোচনা ও পর্যালোচনা করে দেখা যায়, প্রকল্পটি আইএমইডি কর্তৃক গত ১৪/১২/২০১৮ তারিখে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। প্রেরিত আইএমইডি'র প্রতিবেদনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে জানা যায় প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন পৌছানোর পূর্বে ৩১/১২/২০১৮ তারিখে প্রকল্পটি সমাপ্ত হয়েছিল। **অসম্পূর্ণ পিসিআর প্রেরণ** : মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত আলোচ্য প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পর্যালোচনান্তে কিছু অসম্পূর্ণতা পরিলক্ষিত হয়েছে, ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বিধান থাকলেও	বাংলাদেশ সরকারের অর্থায়নের সংশ্লেষ থাকা সত্বেও প্রকল্পের যাবতীয় খরচ এডিবি কর্তৃক নিয়ন্ত্রণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানালেও চুক্তির বিষয় কোথায় উল্লেখ আছে তা পাওয়া যায়নি। তাই এডিবি'র সাথে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যাবতীয় ক্রয় ব্যয় নির্বাহের নিয়ন্ত্রন এডিবি কর্তৃক সম্পাদিত হবে তা কোথায় উল্লেখ আছে তা আইএমইডি'তে প্রেরণ করতে হবে ; মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে সময় বৃদ্ধি ৭৫%। ভবিষ্যতে মূল প্রকল্পের নির্ধারিত প্রাক্কলন ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সংস্থার দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; প্রকল্প সমাপ্তির পর পিসিআর প্রণয়নে বাস্তবায়নকারী সংস্থাকে যত্নশীল হতে হবে এবং ভবিষ্যতে পিসিআর প্রেরণের ক্ষেত্রে নির্ভুল এবং স্বয়ংসম্পূর্ণ পিসিআর প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে ; প্রকল্পের যাবতীয় খরচ এডিবি সরাসরি নিয়ন্ত্রণ করেছেন বিধায় অডিট সংক্রান্ত কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয় সরকারি অডিট নীতিমালা অনুযায়ী

	পিসিআরটি প্রকল্প সমাপ্ত হওয়ার ২ বছর পর প্রেরণ করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক থেকে জানা যায় যে, পিসিআরটি প্রকল্প পরিচালক ২১/০৭/২০১৯ তারিখে তার দপ্তর হতে প্রেরণ করেছেন। **অডিট কার্যক্রম :** প্রকল্পটি একটি টিএ প্রকল্প। প্রকল্পের জন্য জিওবি ইন কাইন্ড ছিল। প্রকল্পের যাবতীয় খরচ এডিবি সরাসরি নিয়ন্ত্রণ করেছেন বিধায় অডিট সংক্রান্ত কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।	প্রয়োজনী উদ্যোগ গ্রহণ করতে পারে ;
৯।	**পরিদর্শন পর্যবেক্ষণ :** গত ০৯/০৩/২৩ তারিখে ফরেস্ট একাডেমি চট্টগ্রাম এবং বনবিদ্যা বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট চট্টগ্রাম এবং গত ০৩/০৫/২৩ তারিখে বনবিদ্যা বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট, সিলেট সরেজমিনে পরিদর্শনকালে দেখা গেছে যে, যেহেতু জুন, ২০১৯ এ প্রকল্পটি সমাপ্ত হয়েছে, সেহেতু সম্পাদিত কিছু কিছু কার্যক্রম যেমন ছাত্র/ছাত্রী হোস্টেলের সংস্কার, রং করা, ড্রেইনেজ পুনঃরায় মাটি ভরাট হয়ে ড্রেইন অচল হয়ে যাওয়া ও ওয়াল ধ্বসে পড়া ইত্যাদি কার্যক্রম পুনরায় সংস্কার ও মেরামত করা প্রয়োজন। কারণ প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রমসমূহ রক্ষণাবেক্ষণের বিষয়ে কোন ব্যবস্থা না থাকায় প্রকল্পসমূহ সমাপ্তির পরবর্তিতে রক্ষণাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।	প্রকল্পটি জুন, ২০১৯ এ সমাপ্ত হলেও অদ্যাবধি কেন প্রকল্পের অডিট সম্পাদন করা হয়নি প্রকল্প পরিচালক বা প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাকে তার ব্যাখ্যা দিতে হবে । এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে ; প্রকল্প সমাপ্ত হওয়ার দীর্ঘ ২ বছর ৬ মাস পর পিসিআর প্রেরণ করা হয়েছে, যা খুবই অনাকাঙ্খিত। তাই, ভবিষ্যতে প্রকল্প সমাপ্ত হওয়ার ৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে পিসিআর প্রেরণ করতে হবে ; মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে ব্যয় বৃদ্ধি ২.৪০% ও সময় বৃদ্ধি ৩৩%। ভবিষ্যতে মূল প্রকল্পের নির্ধারিত প্রাক্কলন ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সংস্থার দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; প্রকল্পের আওতায় যানবাহন, যন্ত্রাংশ ও সরঞ্জামাদি এ যাবত To&E ভূক্ত করা হয়নি। এগুলো To&E ভূক্ত করা প্রয়োজন ।
১০।	**প্রকল্প পরিদর্শন সংক্রান্ত** : উদ্যোগী মন্ত্রণালয় কর্তৃক পিসিআর প্রেরণে বিলম্ব করায় প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন করা সম্ভব হয়নি। তবে ২০২২-২০২৩ অর্থবছের আলোচ্য প্রকল্পটির উপর প্রভাব মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।	পিইসি সভার সিদ্ধান্তসমূহ পুনর্গঠিত ৩য় সংশোধিত ডিপিপিতে প্রতিফলন করতে হবে। পিইসি সভাতে যে সকল অংশ সুপারিশ করা হয়নি সেগুলো বাদ দিতে হবে। একই সাথে প্রতিবেদন পর্যালোচনাসমূহের পরিপ্রেক্ষিতে সামগ্রিক বিষয়টি রিভিউ করে দেখা যেতে পারে ; ২য় সংশোধিত প্রকল্পের আওতায় সম্পাদিত সকল কাজের চূড়ান্ত ভৌত ও আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা প্রয়োজন; প্রকল্প বাস্তবায়নের ফলে অদ্যবধি বায়ু দূষণ নিঃসরণের পরিমাণে ও নিরবচ্ছিন্ন ট্রাফিক প্রবাহে কি প্রভাব পড়েছে সে বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয় বিস্তারিত প্রতিবেদন পেশ করবে ; ২য় সংশোধিত প্রকল্পের সকল ইন্টারনাল ও এক্সটারনাল অডিট (বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের অডিট অধিদপ্তর কর্তৃক) সম্পন্ন করতে হবে। অডিট প্রতিবেদনে কোন আপত্তি থাকলে তা নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে। অডিট প্রতিবেদনে কোন আপত্তি থাকলে তা নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে। এ প্রকল্পের বাস্তবায়নে বিশ্বব্যাংকের কোন পর্যবেক্ষণ/আপত্তি উত্থাপিত হয়ে থাকলে সেগুলো অবিলম্বে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; প্রকল্পের আওতায় নির্মিত সকল ফুটওভার ব্রীজ, রাস্তা Road Median এ গার্ড রেল, ট্রাফিক সিগনালিং সিস্টেমসহ সকল অবকাঠামো/সুবিধাদির নিয়মিত রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে ; এবং ট্রাফিক ও পরিবেশ আইন মেনে চলার জন্য সচেতনামূলক ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম ও ইসফোর্সমেন্ট জোরদার করা দরকার।

সাপোর্ট টু দি ডিপিপি প্রিপারেশন অব সাসটেইনেবল ফরেস্ট এন্ড লাইভলিহুড (সুফল) (সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জানুয়ারি' ২০১৯)

১.০। প্রকল্পের নাম : "সাপোর্ট টু দি ডিপিপি প্রিপারেশন অব সাসটেইনেবল ফরেস্ট এন্ড লাইভলিহুড (সুফল) (সংশোধিত)"

২.০। প্রকল্পের অবস্থান : বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা

৩.০। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

৪.০। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বন অধিদপ্তর

৫.০। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ					
৮০৭.২০ ৭.২০ ৮০০.০০	৮০৭.২০ ৭.২০ ৮০০.০০	৪৮২.৭৫ ৭.২০ ৪৭৫.৫৫	জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৮ (১২ মাস)	জুলাই, ২০১৭ হতে জানুয়ারি, ২০১৯ (১৯ মাস)	জুলাই, ২০১৭ হতে জানুয়ারি, ২০১৯ (১৯ মাস)	-	৭ মাস (৫৮%)

ক) বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত।

খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত ব্যয় বৃদ্ধির হার (%) : -

গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত মেয়াদ বৃদ্ধির হার (%) : ৫৮%

৬.০। পটভূমি:

বিশ্বব্যাংকের অর্থায়নে বন অধিদপ্তর কর্তৃক Sustainable Forests & Livelihoods (SUFAL) প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে প্রস্তাবিত "সাপোর্ট টু দি ডিপিপি প্রিপারেশন অব সাসটেইনেবল ফরেস্ট এন্ড লাইভলিহুড (সুফল) (সংশোধিত)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি ৮০৭.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (আইডিএ ঋণ ৮০০.০০ লক্ষ টাকা ও জিওবি.ইন কাইন্ড ৭.২০ লক্ষ টাকা) ও জুলাই, ২০১৭ হতে জানুয়ারি, ২০১৯ মেয়াদে বাস্তবায়িত হয়েছে।

৭.০। প্রকল্পের উদ্দেশ্য :

- প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো, বন অধিদপ্তরের একটি বিনিয়োগ প্রকল্প (SUFAL) প্রণয়ন করাসহ প্রাতিষ্ঠানিক উন্নয়নের মাধ্যমে দেশের বন ও বনজ সম্পদের দীর্ঘমেয়াদে প্রবৃদ্ধি অর্জন, টেকসই বন ব্যবস্থাপনা নিশ্চিত করতঃ বনণির্ভর জনগোষ্ঠির জীবিকার চাহিদা পূরণ এবং জলবায়ু সহনশীলতা বৃদ্ধি ও উপকূলীয় তটরেখা সুরক্ষা এবং একই সংগে জলাভূমি সংরক্ষণ এবং ইকোসিস্টেম সেবার উন্নয়ন।

৮.০। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্তি প্রতিবেদন এর ভিত্তিতে) :

(লক্ষ টাকায়)

ক্র:নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক/ পরিমাণ	আরডিপিপি'র লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
	Revenue Component					
(১)	Travel	LS	LS	10.74	LS	3.26
(২)	Office Space (In kind)	Month	Month	6.00	Month	6.00
(৩)	Postage & Courier	LS	LS	0.20	LS	-
(৪)	Telephone	LS	LS	1.50	LS	0.88
(৫)	Talex/Fax/Internet	LS	LS	0.50	LS	-
(৬)	Electricity Bill (In kind)	Month	Month	1.20	Month	1.20
(৭)	Print and Publication	LS	LS	5.00	LS	-
(৮)	Stationary, Seal & Stamp	LS	LS	6.51	LS	2.31
(৯)	Books & Proceedings	LS	LS	1.00	LS	0.31
(১০)	Publicity & Advertisement	LS	LS	10.00	LS	1.28
(১১)	Study Tour/ Meeting (International): Best Practices of Sustainable Forest Management/Restoring Degraded Forest Ecosystems/ Forest Dependent Livelihoods/ Wildlife Management/ Safari Park Management/ Safari Park Management/ PA Management/ WB meeting etc. (Example of Tentative Country:	Participant	24	137.90	-	135.28

	Mesico/USA/Kenya/ Malaysia/Indonesia etc. (Including Training providing firms processing fees)					
(১২)	Short Training (local): Procurement, Project Financial Management, Project Monitoring and Evaluation, IT Application in Office Management, EGP, GIS Application Data Management/ Project Management etc. (Participants from BFD) (3-5 Days) including training session organizing firm processing fees	Participant	150	36.39	-	-
(১৩)	Inception Workshop of SUFAL Project/ Seminar/ Conference/ National Policy Dialogue including SDG/7thFYP/MoU with Simthsonian Institute/WII/Regional Consultation etc.	Event	17	90.16	-	18.82
(১৪)	Labour Wages	Man Days	-	22.00	-	0.93
(১৫)	Senior Consultant (Team Leader)	MM	-	24.00	-	-
(১৬)	Senior Consultant (Procurement Specialist)	MM	-	26.45	-	18.95
(১৭)	Senior Consultant (Financial Management Specialist)	MM	-	39.00	-	30.00
(১৮)	Junior Consultant (Accountants 2 person)	MM	-	12.00	-	8.00
(১৯)	Consultant (Sustainable Forest	MM	-	18.85	-	14.50

	Management Planning Specialist)					
(২০)	Senior Consultant (Institutional Specialist for Collaborative Management and Organizational Development)	MM	-	12.00	-	-
(২১)	Consultant/Consulting firm for Preparing (i) Community Operations Manual (COM) and (ii) Innovation Grant Manual of SUFAL Project	LS	-	68.50	-	36.00
(২২)	Consultant GIS Specialist for RIMS to Support SSP Preparation and Processing of Incoming Field Data- 1 consultant for 3 months	MM	-	12.00	-	4.00
(২৩)	Junior Consultant GIS Specialist for RIMS to Support SSP Preparation and Processing of Incoming Field Data- 2 consultants for 4 MM	MM	-	4.80	-	1.60
(২৪)	Consultant for finalization of safeguard Documents (SGD)	MM	-	3.00	-	2.00
(২৫)	Service Procurement From Firm/Consulting Firm for Project Feasibility Study with Respect to Economic, Social and Environmental Considerations: (a) Senior Economist (Group Leader)-4	Firm	-	43.90	-	43.90

	MM: (b) Senior Social Science Specialist-3 MM: (c) Senior Environmental/Natural Resources Conservation Specialist-3 MM and others as needed					
(২৬)	Service Procurement From Firm /Consulting Firm for Sustainable Livelihood Framework Including Base Line Survey of Forest Dependent Communities and Payment for Ecosystem Service A assessment: (a) Senior Sustainable Livelihood Specialist-4MM and others as needed	Firm	-	35.52	-	35.52
(২৭)	Service Procurement from Engineering Firm/ Consulting Firm for Plan, Design, Cost Estimate etc. Preparation for civil works under the DPP of SUFAL Project (a) Senior Architect Engineer-4MM (b) Civil Engineer-4MM and Others as Needed	Firm	-	33.91	-	33.91
(২৮)	Hiring Charge: Rent-a –car-3 Vehicles per Month (PIU-1), MOEF (Dev wing)-1, Dev wing BFD-1) & Need Base for SSP at Field	Month	-	32.53	-	16.56
(২৯)	Others	LS	-	5.64	-	2.14

(৩০)	Computer and Office Equipment	LS	-	2.00	-	0.86
	Sub-Total-			**703.20**	**-**	**418.21**
	(B) Capital Component					
(৩১)	Camera	Number	-	1.98	-	1.98
(৩২)	Desktop Computer with UPS and Other Accessories etc. (MoECC-3 nos. & FD 7 nos.)	Number	-	7.20	-	7.20
(৩৩)	Laptop (Brand item with advance configuration) (MoEFCC-5 nos. & FD-12)	Number	-	19.18	-	19.18
(৩৪)	Printer (Regular) MoEFCC-2 nos. & FD-3 nos.)	Number	-	3.31	-	-
(৩৫)	Printer (Heavy Duty and Wifi) (MoEFCC-1 Nos. & FD-2 nos.)	Number	-	2.44	-	1.64
(৩৬)	Computer Software (Customise Accounting Software etc.)	Number	-	5.00	-	-
(৩৭)	Photocopier (Heavy duty) (MoEFCC-1 nos. & FD-3 nos.)	Number	-	13.57	-	11.10
(৩৮)	Multimedia Projector	Number	-	0.53	-	-
(৩৯)	Scanner (MoEFCC-2 nos. & FD-4 nos.)	Number	-	1.75	-	-
(৪০)	Office Furniture	LS	-	30.13	-	16.13
(৪১)	AC (Split) (MoEFCC-1 nos. & FD-2 nos.)	Number	-	4.15	-	4.15
(৪২)	A fforestation (Mangrove Nursery 100 hactere	Hectere	-	11.60	-	-
(৪৩)	GPS	Number	-	3.16	-	3.16
	Sub-Total-			**104.00**		**64.54**

	সর্বমোট-			807.20		482.75

৯.০। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা/উপজেলা/থানা
ঢাকা	ঢাকা	বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

১০.০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

প্রকল্পের আওতায় অনুমোদিত টিএপিপি/আরটিএপিপি অনুযায়ী সকল অংগের কাজ বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটির আরটিএপিপি'র প্রাক্কলিত দরের বিপরীতে ভ্রমণ ব্যয়, টেলিফোন/টেলেক্স, মুদ্রণ ও প্রকাশনা, স্বল্প মেয়াদী প্রশিক্ষণ, পরামর্শক, প্রিন্টার, কম্পিউটার সফটওয়ার, মাল্টি মিডিয়া প্রজেক্টর, স্ক্যানার ইত্যাদি খাতে ব্যয় কম হওয়ায় প্রাক্কলিত দর থেকে ৩২৪.৪৫ লক্ষ টাকা কম খরচ হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৮০৭.২০ লক্ষ টাকা, আরএডিপিতে বরাদ্দ ৫৭৭.২০ লক্ষ টাকা, অর্থ ছাড় ৪৭৫.৫৫ লক্ষ টাকা, জানুয়ারি, ১৯ পর্যন্ত প্রকৃত ব্যয় ৪৭৫.৫৫ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫৯.৮১% ও বাস্তব অগ্রগতি ১০০%, যা সন্তোজনক বলে প্রতীয়মান হয়েছে।

১১.০। প্রকল্পের অনুমোদন পর্যায় ও সংশোধন :

- প্রকল্পটি ৮০৭.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (আইডিএ ঋণের অগ্রিম অর্থায়ন ৮০০.০০ লক্ষ টাকা ও জিওবি ইন কাইন্ড ৭.২০ লক্ষ টাকা) জুলাই, ২০১৭ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৫-০৯-২০১৭ তারিখে মাননীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।
- বাস্তবায়ন পর্যায়ে বিদ্যমান অঙ্গের পরিমাণ ও ব্যয় বৃদ্ধি, নতুন অঙ্গের অন্তর্ভুক্তি কারণে প্রকল্পের ১ম সংশোধনী ৮০৭.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (আইডিএ ঋণের অগ্রিম অর্থায়ন ৮০০.০০ লক্ষ টাকা ও জিওবি ইন কাইন্ড ৭.২০ লক্ষ টাকা) জুলাই, ২০১৭ হতে ৩১ জানুয়ারি, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৮/০৬/২০২১ তারিখে মাননীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১২.০ বছর ভিত্তিক এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অর্থবছর	এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০১৭-২০১৮	৩২২.৬০	৩.৬০	৩১৯.০০	২৮৫.৪৭	২৮৯.০৭	৩৬০	২৮৫.৪৭
২০১৮-২০১৯	২৫৪.৬০	৩.৬০	২৫১.০০	১৯০.০৮	১৯৩.৬৮	৩.৬০	১৯০.০৮
মোট	**৫৭৭.২০**	**৭.২০**	৫৭০.০০	**৪৭৫.৫৫**	**৪৮২.৭৫**	**৭.২০**	**৪৭৫.৫৫**

(পিসিআর অনুযায়ী)

১৩.০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
০১	জনাব মোহাম্মদ সফিউল আলম চৌধুরী প্রধান বন সংরক্ষক।	অতিরিক্ত দায়িত্ব	০৬/০৩/২০১৭ হতে ১০/০৯/২০১৭

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
০২	জনাব মোঃ আবদুর লতিফ মিয়া উপপ্রধান বন সংরক্ষক।	অতিরিক্ত দায়িত্ব	১০/০৯/২০১৭ হতে ০৩/০২/২০১৮
০৩	জনাব জহির উদ্দিন আহমেদ উপপ্রধান বন সংরক্ষক।	অতিরিক্ত দায়িত্ব	০৩/০২/২০১৮ হতে ৩১/০১/২০১৯

১৪.০। <u>প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন :</u>

সরবরাহ ও সেবা খাতে-ভ্রমণ ব্যয়, ভাড়া অফিস, গাড়ী ভাড়া, মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন- কম্পিউটার ও অফিস সরঞ্জাম এবং মূলধন খাতে- সম্পদ সংগ্রহ/ক্রয়, ক্যামেরা, ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, ফটোকপিয়ার, আসবাবপত্র ক্রয়সহ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

১৫.০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
Main objective of the RTAPP is to design an investment project along with supporting documents, build capacity of concerned officials and develop coordination mechanism among stakeholders for being prepared for implementing the investment project.	Successfully complete project feasibility report with respect to economic, social and environmental considerations. Sustainable livelihood framework including baseline information of forest dependent communities ; Successfully plan, design and cost estimate of civil works of SUFAL project ; Develop project procurement strategy for development (PPSD) and procurement plan of goods, services and works of the SUFAL project ; Successfully complete report of institutional improvement of collaborative management of natural resources at local level and organization reform needs of BFD for improving collaborative management including project implementation plan and project monitoring and evaluation framework ; Prepare the process and template of Site-Specific Plan (SSP) including two years pre-planting maps and provide training to field staffs ; Prepare Innovation Grant Manual and Community Operations Manual of SUFAL Project ; Capacities of 174 Officials/ Counterpart Officials are enhanced by participating short term (local) trainings and study tours (international) and are being prepared for smooth implementation of

উদ্দেশ্য	অর্জন
	approved DPP of SUFAL project ; Successfully Launch one workshop of SUFAL project, 04 (four) policy dialogues/ seminar and up to 9 (nine) national /regional / Local consultation workshop/ meetings / seminar / conference are organized for improving coordination and collaboration among stakeholders for project implementation.

১৬.০। মনিটরিং এন্ড অডিটিং :

১৬.১। **মনিটরিং :**

কর্মকর্তার নাম,পদবী ও অফিসের নাম	পরিদর্শনের তারিখ	পত্র জারীর তারিখ	সুপারিশ
ইতঃপূর্বে আইএমইডি কর্তৃক প্রকল্পটি পরিদর্শন করা হয়নি।			

১৬.২। **অডিট সম্পর্কিত তথ্য** :

নিরীক্ষা সন	আপত্তির অনুচ্ছেদ	আপত্তির ধরন	আপত্তির শিরোনাম	মন্তব্য
২০১৭-২০১৮	অনুচ্ছেদ-০১	পার্ট-বি ভুক্ত	Defective photocopy machine valued Tk. 3,84,546.00 was received from supplier	আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হয়েছে।
২০১৭.২০১৮	অনুচ্ছেদ-০২	পার্ট-বি ভুক্ত	Financial rules and regulation were not properly followed in payment of inception/ seminar amounting to Tk.53,099.50	আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হয়েছে।
২০১৮-২০১৯	অনুচ্ছেদ-০৩	পার্ট-বি ভুক্ত	Unspent balance of RPA fund amounting to TK. 79,93,000/- has not refunding to development partner Account.	আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হয়েছে।
২০১৮-২০১৯	অনুচ্ছেদ-০৪	পার্ট-বি ভুক্ত	The Project has failed achive its target during the yer.	আপত্তিটি নিষ্পত্তি হিসেবে গণ্য করা হয়েছে।

১৭.০। ক্রয় সংক্রান্ত তথ্যাদি: (Procurement of goods, Works and Consultancy Services): প্রকল্পের ক্রয়পরিকল্পনা অনুযায়ী ১১ টি পণ্য, ০ টি পূর্ত কাজ এবং ০৮টি সেবাসহ মোট ১৯ টি প্যাকেজে ক্রয়কার্য সম্পন্ন করা হয়। এর মধ্যে ০১ কোটি তদুর্ধ্ব টাকা মূল্যের ক্রয় কাজের প্যাকেজ না থাকায় পিসিআরএ উল্লেখ করা হয়নি। তবে প্রকিউরমেন্ট আইন ও প্রচলিত বিধি অনুসারে ক্রয় কার্যক্রম সম্পাদন করা হয়েছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান।

১৮.০। প্রকল্প পরিদর্শন : প্রকল্পটির বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাজুল ইসলাম কর্তৃক গত ১৬/০৬/২০২২ তারিখে সমাপ্ত প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৯.০। সার্বিক পর্যবেক্ষণ :

১৯.১। প্রকল্পের আওতায় রাজস্ব খাতে-সরবরাহ ও সেবায় ভ্রমণ ব্যয়, অফিস ভাড়া ১৬.৭৪ লক্ষ টাকা, ডাক, টেলিফোন, টেলেক্স/ফ্যাক্স/ ইন্টারনেট, বৈদ্যুতিক বিল ৩.৪০ লক্ষ টাকা, মুদ্রণ ও প্রকাশনা, স্টেশনারী, সিল ও ষ্ট্যাম্প, বইপত্র ও সাময়িকি, প্রচার ও বিজ্ঞাপন ২২.৫১ লক্ষ টাকা, স্ট্যাডি ট্যুর (আন্তর্জাতিক), স্বল্পমেয়াদী প্রশিক্ষণ (স্থানীয়) ১৭৪.২৯ লক্ষ টাকা, ইনসেপশন কর্মশালা, সেমিনার ও কনফারেন্স, জাতীয় পর্যায়ে পলিসি ডায়ালগ, আঞ্চলিক পর্যায়ে কনসালটেশন কর্মশালা ৯০.১৬ লক্ষ টাকা, শ্রমিক ব্যয় ২২.০০ লক্ষ টাকা, পরামর্শক, প্রতিষ্ঠান/ পরামর্শ প্রতিষ্ঠানের সেবা আহরণ ৩৩৩.৯৩ লক্ষ টাকা, গাড়ী ভাড়া, অন্যান্য ৩৮.১৭ লক্ষ টাকা, মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন: কম্পিউটার ও অফিস সরঞ্জাম ২.০০ লক্ষ টাকাসহ মোট ৭০৩.২০ লক্ষ টাকার সংস্থান ছিল। এর মধ্যে ব্যয় হয়েছে ৪১৮.২১ লক্ষ টাকা এবং মূলধন খাতে-সম্পদ সংগ্রহ/ক্রয় : ক্যামেরা, ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, কম্পিউটার সফটওয়ার ৩৯.১১ লক্ষ টাকা, ফটোকপিয়ার, অফিস আসবাবপত্র, এসি (স্প্লিট), জিপিএস ৬৪.৮৯ লক্ষ টাকাসহ মোট ১০৪.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। এর মধ্যে ব্যয় হয়েছে ৬৪.৫৪ লক্ষ টাকা। সর্বমোট সংস্থান ৮০৭.২০ লক্ষ টাকা, এডিপি/আরএডিপি বরাদ্দ ৫৭৭.২০ লক্ষ টাকা, অর্থ ছাড় ৪৭৫.৫৫ লক্ষ টাকা, জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ব্যয় ছিল ৪৭৫.৫৫ লক্ষ টাকা, অর্থাৎ আর্থিক অগ্রগতি ৫৯% ও বাস্তব অগ্রগতি ১০০% হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

১৯.২। প্রকল্পের মাধ্যমে যেসকল লজিস্টিক সুবিধা তৈরী হয়েছে তা যথাযথভাবে ব্যবহার এবং সংরক্ষণের বিষয়টি গুরুত্বসহ বিবেচনা করতে হবে। ক্রয়কৃত আসবাবপত্র ও যন্ত্রপাতির তালিকা সংরক্ষণপূর্বক সম্পদ রেজিস্টারভুক্ত করতে হবে। প্রকল্পের মাধ্যমে সংগৃহীত কম্পিউটার/ফটোকপিয়ার মেশিনসহ যাবতীয় যন্ত্রপাতি সংস্থার TO&E ভুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.৩। সংশোধিত অনুমোদিত টিএপিপিতে ২ জন কর্মকর্তা, ২ জন কর্মচারীর সংস্থান ছিল। সে মোতাবেক তাঁরা প্রকল্প কাজে নিয়োজিত ছিল।

১৯.৪। বন অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা, যা উন্নয়ন প্রকল্পের কাঙ্ক্ষিত ফলাফলের প্রভাব পরিমাপ/নির্ণয়ে Result Based Monitoring and Evaluation (RBME) বিশেষ সহায়ক ভূমিকা রয়েছে। প্রকল্পের আওতায় প্রশিক্ষণ লব্ধ জ্ঞানের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ এবং প্রকল্প মূল্যায়নের জন্য বেশকিছু কৌশলগত জ্ঞান আহরণের মাধ্যমে সংশ্লিষ্ট সংস্থা পরবর্তী প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন এবং প্রকল্প সমাপ্তির পর প্রয়োজনীয় সুপারিশ প্রদানে সহায়ক হবে। প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাংলাদেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে ফলাফল ভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ক সক্ষমতা বৃদ্ধি পাবে মর্মে আশা করা যায়।

১৯.৫। আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদে ০৩ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। প্রকল্পের প্রকল্প পরিচালক ঘন ঘন বদলি করায় প্রকল্পটির স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্ত হয়েছে।

১৯.৬। **প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি :**

(ক) Training of Project Personnel :

Foreign :

Field of Training/ Study tour/ workshop/ Seminar etc.	Provision as per TAPP		Actual	
	Number of Persons	Man-days	Number of Persons	Man-days
Seminar	30	240	30	210 Man-

Field of Training/ Study tour/ workshop/ Seminar etc.	Provision as per TAPP		Actual	
	Number of Persons	Man-days	Number of Persons	Man-days
				days

Local :

Field of Training/ Study tour/ workshop/ Seminar etc.	Provision as per TAPP		Actual	
	Number of Persons	Man-days	Number of Persons	Man-days
Workshop and Training	220	660	Training 220 Persons and SSP workshop 552 Persons	660 Man-days

(খ) Use of Project Consultant :

Name of the field	Approved man-month		Actual man-month utilised
	As per TAPP	As per Contract	
Senior Consultant (Team Leader)	-6	6	6
Senior Consultant (Procurement Specialist)	-11	11	11
Senior Consultant (Financial management specialist	13	13	13
Junior Consultant (Account-2 persons)	20	20	20
Consultant (Sustainable forest management planning specialist)	-13	13	13
Senior Consultant (Institutional specialist for collaborative management and organization development)	4	4	4
Service procurement from firm/consulting firm for project feasibility study with respect to economic social and environmental consideration : (a) Senior economist (Group leader)- 4mm ; (b) Senior social science specialist-3mm ; (c) Senior environmental/ Natural resources conservation specialist 3 mm and others as needed	1 firm	1 firm	1 firm

Name of the field	Approved man-month		Actual man-month utilised
	As per TAPP	As per Contract	
Service Procurement From Firm/ Consulting firm for project feasibility study with respect to economic social and environmental consideration : (a) Senior economist (Group Leader)-4 mm : (b) Senior economist-3 mm: (c) Senior environmental / Natural resources conservation specialist 3 mm. and others as needed	1 firm	1 firm	1 firm
Service procurement from engineering firm/ consulting firm for plan, design, cost estimate etc. Preparation for civil works under the DPP of SUFAL project (a) Senior Architect Engineer-4 mm ; (b) Civil engineer-4 mm and others as needed	1 firm	1 firm	1 firm
Service procurement from firm/ Consulting firm for preparation of community Operational and disbursement manual and innovative grant manual (IGM)	1 firm	1 firm	1 firm
Consultant for RIMs Io support the processing of incoming field data	9.00	9.00	6.00
Junior consultant for RIMs to support the processing of incoming field data-2 persons	7.20	4.80	2.40
Consultant for Safeguard	3.00	3.00	3.00

(গ) বন-নির্ভর জনগোষ্ঠীর মৌলিক তথ্যসহ টেকসই উন্নয়ন কাঠামো; অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত বিবেচনার সাথে সংগতি রেখে প্রকল্পের ডিপিপি'র সম্ভাব্যতা রিপোর্ট সফলভাবে সম্পূর্ণ করা হয়েছে। SUFAL প্রকল্পের সিভিল কাজের পরিকল্পনা, নকশা এবং স্থির অনুমান সফলভাবে করা হয়েছে। উন্নয়নের জন্য প্রকল্প সংগ্রহের কৌশল (PPSD) এবং SUFAL প্রকল্পের পণ্য, পরিষেবা এবং কাজের সংগ্রহের পরিকল্পনা তৈরি করা হয়েছে। স্থানীয় পর্যায়ে প্রাকৃতিক সম্পদের সহযোগিতামূলক ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক উন্নতি এবং প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা এবং প্রকল্প পর্যবেক্ষণ ও মূল্যায়ন কাঠামোসহ সহযোগিতামূলক ব্যবস্থাপনার উন্নতি সফলভাবে সম্পূর্ণ হয়েছে। সাইট-স্পেসিফিক প্ল্যান (এসএসপি) এর প্রক্রিয়া এবং টেমপ্লেট প্রস্তুতকরণ যার মধ্যে দুই বছরের প্রাক-রোপনের মানচিত্র রয়েছে এবং মাঠ কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। SUFAL প্রকল্পের ইনোভেশন গ্রান্ট ম্যানুয়াল এবং কমিউনিটি অপারেশন ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে।

স্বল্পমেয়াদী (স্থানীয়) প্রশিক্ষণ এবং স্টাডি ট্যুর (আন্তর্জাতিক) অংশগ্রহণের মাধ্যমে ১৭৪ জন কর্মকর্তা/কাউন্টারপার্ট অফিসারের ক্ষমতা বৃদ্ধি করা হয়েছে এবং SUFAL প্রকল্পের অনুমোদিত ডিপিপি বাস্তবায়নের জন্য প্রস্তুত করা হয়েছে।

SUFAL প্রকল্পের একটি কর্মশালা সফলভাবে অনুষ্ঠিত হয়। ০৪ (চার)টি নীতি সংলাপ/সেমিনার এবং ০৯ (নয়)টি জাতীয়/আঞ্চলিক/স্থানীয় পরামর্শ কর্মশালা/সভা/সেমিনার/সম্মেলন প্রকল্প বাস্তবায়নের জন্য স্টেকহোল্ডারদের মধ্যে সমন্বয় ও সহযোগিতার উন্নতির জন্য আয়োজন করা হয়।

(ঘ) এ প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করে "Sustainable Forests and Livelihoods (SUFAL)" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে-বর্তমানে প্রকল্পটি চলমান রয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৫০২.৭২ কোটি টাকা (জিওবি ৩২.৭২ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য (বিশ্ব ব্যাংক ঋণ) ১৪৭০.০০ কোটি টাকা)। প্রকল্পের অনুমোদিত বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০১৮ হতে জুন, ২০২৩ পর্যন্ত। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো সহযোগীতামূলক বন ব্যবস্থাপনার উন্নয়ন এবং প্রকল্প এলাকায় বন নির্ভর স্থানীয় জনগোষ্ঠির বিকল্প আয় বর্ধক কাজের সুযোগ বৃদ্ধি করা। প্রকল্পের মূল কার্যক্রম-প্রাতিষ্ঠানিক দক্ষতা ও তথ্য ব্যবস্থাপনা শক্তিশালীকরণ এবং প্রশিক্ষণ প্রদান। বন অধিদপ্তরের প্রশাসনিক এবং পরিচালন পদ্ধতি পর্যালোচনা, প্রাতিষ্ঠানিক সংস্কার প্রস্তাব এবং ফরেষ্ট ম্যানুয়েল হালনাগাদকরণ। সহযোগীতামূলক বন ও রক্ষিত এলাকার পরিকল্পনা, পরিচালনা ও নিরীক্ষণের জন্য প্রযুক্তি নির্ভর বন ব্যবস্থাপনার তথ্য ব্যবস্থা প্রতিষ্ঠা করা। ৭.৫ লক্ষ উন্নত চারা উত্তোলনের জন্য চট্টগ্রাম, গাজিপুর এবং যশোরের সামাজিক বনায়নের নার্সারি ট্রেনিং সেন্টারে ৩টি টিস্যু কালচারের সুযোগ-সুবিধার ব্যবস্থা করা। উন্নত পদ্ধতিতে চারা উত্তোলনের জন্য ২০০০ নার্সারি মালিক এবং আধুনিক করাতকল ব্যবস্থাপনা বিষয়ে ১০০০ করাতকল মালিকের প্রশিক্ষণ প্রদান। সহযোগীতামূলক বন ব্যবস্থাপনা ও রক্ষিত এলাকা ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য বন অধিদপ্তরের ১১৫৯ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান। ঢাকায় ২টি আন্তর্জাতিক কর্মশালার আয়োজন করা এবং ২০ লক্ষ জনগণের সচেতনতা বৃদ্ধি এবং মোটিভেশনের জন্য বড় আকারের জনসংযোগ কার্যক্রম ও বিভিন্ন দিবস পালন ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে পরিদর্শনকালে জানা যায়।

২০। প্রকল্পের চিত্র ও বর্ণনা :

স্থির চিত্র	বর্ণনা
	প্রকল্পের আওতায় বন অধিদপ্তরে প্রকল্প কার্যালয় পরিদর্শন।
	প্রকল্পের আওতায় প্রকল্প পরিচালকের কার্যালয় পরিদর্শন।

স্থির চিত্র	বর্ণনা
	প্রকল্পের আওতায় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তার কার্যালয় পরিদর্শন।

২১.০। মতামত/সুপারিশ:

২১.১। ভবিষ্যতে মূল প্রকল্পের নির্ধারিত প্রাক্কলিত ব্যয় ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট থাকার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

২১.২। প্রকল্পের মাধ্যমে যেসকল লজিস্টিক সুবিধা তৈরী হয়েছে তা যথাযথভাবে ব্যবহার এবং সংরক্ষণের বিষয়টি গুরুত্বসহ বিবেচনা করতে হবে। ক্রয়কৃত আসবাবপত্র ও যন্ত্রপাতির তালিকা সংরক্ষণপূর্বক সম্পদ রেজিস্টারভুক্ত করতে হবে। প্রকল্পের মাধ্যমে সংগৃহীত কম্পিউটার/ফটোকপিয়ার মেশিনসহ যাবতীয় যন্ত্রপাতি TO&E ভুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২১.৩। প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদে ০৩ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক ঘন ঘন বদলি এবং অতিরিক্ত দায়িত্ব পালন করায় প্রকল্পটির কার্যক্রম বাধাগ্রস্ত হয়েছে। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে পূর্ণকালিন নিয়োগসহ প্রকল্প পরিচালকের ঘন ঘন বদলি পরিহারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সজাগ দৃষ্টি রাখতে হবে ;

২১.৪। প্রকল্পের আওতায় পরামর্শক সেবার মাধ্যমে লব্দ জ্ঞান ও প্রতিবেদনের সুপারিশসমূহ পরবর্তি প্রকল্পে কার্যকরভাবে ব্যবহার/বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; এবং

২১.৫। উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২২ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

লালমাই পাহাড় এলাকায় উদ্ভিদ উদ্যান স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন, ২০১৯)

প্রকল্পের মৌলিক তথ্য

১। প্রকল্পের নাম: "লালমাই পাহাড় এলাকায় উদ্ভিদ উদ্যান স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প।

২। অর্থায়নের উৎস: জিওবি।

৩। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৩.১। বাস্তবায়নকারী সংস্থা: বন অধিদপ্তর।

৪। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:
(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ ও পর্যায়	পরিবর্তন (মূল)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	১৪৭৮.৮৯	১৪৭৮.৮৯	-	-	জুলাই ২০১৫-জুন ২০১৮	৩০.০৭.২০১৫		
সংশোধিত	১৬৭৬.৭৪	১৬৭৬.৭৪	-	-	জুলাই ২০১৫-জুন ২০১৯	৩১.১০.২০১৮	১৯৭.৮৫ (১৩.৩৭%)	০১ বছর
প্রকৃত	১৫৭১.০১	১৫৭১.০১	-	-	জুলাই ২০১৫-জুন ২০১৯	-	-	-

৫। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা
চট্টগ্রাম	কুমিল্লা	কুমিল্লা সদর দক্ষিণ	কুমিল্লা সিটি কর্পোরেশন

৬। প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

- ❖ লালমাই পাহাড় এলাকার দেশীয় প্রজাতির উদ্ভিদ সংরক্ষণ;
- ❖ স্থানীয় ও বিদেশী বিরল প্রজাতির উদ্ভিদের বংশ ভান্ডার তৈরী, উন্নয়ন ও সংরক্ষণ;
- ❖ লালমাই পাহাড়ের ঐতিহাসিক ও প্রাকৃতিক ঐতিহ্য সংরক্ষণ;
- ❖ জলবায়ু পরিবর্তনের প্রভাব হ্রাসকল্পে কার্বনের মজুদ বৃদ্ধি;
- ❖ জীব-বৈচিত্র সংরক্ষণ ও বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়ন;
- ❖ ইকো-ট্যুরিজম ও বিনোদনের সুবিধাদির উন্নয়ন;
- ❖ শিক্ষা ও গবেষণার সুযোগ সৃষ্টি;
- ❖ স্থানীয় জনসাধারণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

৭। প্রকল্পের প্রধান কার্যক্রম:

প্রধান প্রধান কার্যক্রম	পরিমান/সংখ্যা
১. ভূমি অধিগ্রহণ	৩.৫৭ একর
- প্রকল্পটির অনুকূলে ২১৫.৮৮ লক্ষ টাকা জিওবি অর্থের সংস্থান রয়েছে। বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে ছাড়কৃত অর্থের পরিমাণ পিসিআর-এ উল্লেখ করা হয়নি। ফলে বছরভিত্তিক ছাড়কৃত অর্থের বিপরীতে প্রকৃত ব্যয় ব্যতিরেকে কি পরিমাণ অর্থ অব্যয়িত থেকে যায় তা নিরুপণ করা সম্ভব হয়নি। বছরভিত্তিক এ সংস্থানকৃত অর্থের বিপরীতে বছরভিত্তিক যে সংশোধিত এডিপি বরাদ্দ ভুলভাবে দেখানো হয়েছে, যা নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থ-বছর	পিসিআর-**এ সংশোধিত এডিপি বরাদ্দ**	**সংশোধিত এডিপি**'তে প্রকৃত **বরাদ্দ** প্রদান করা হয়েছে	**পিসিআর অনুযায়ী ব্যয়**
২০১২-২০১৩	২০.২৮	**২৬.৬০**	২৬.৬১
২০১৪-২০১৫	২১.৬১	**২১.৬৩**	২১.৬২

২০১৫-২০১৬	৩৮.৩৪	**৩৭.০০**	৩২.৪১
২০১৬-২০১৭	৪২.৭৬	**২৬.৮৪**	২৬.৯০
২০১৭-২০১৮	৩৯.৪০	**২৮.০০**	২৭.৮০

১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর নাম	**মূল দপ্তর ও পদবি**	**দায়িত্বকাল**	**দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)**	**একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা**	
				হ্যাঁ/না	**প্রকল্প সংখ্যা**
জনাব মোঃ শাহ-ই-আলম	বিভাগীয় বন কর্মকর্তা ও প্রকল্প পরিচালক	১৫/০৯/১০ হতে ২৫/০৪/১৩	নিয়মিত	না	-
মোঃ ছানাউল্যা পাট ওয়ারী	বিভাগীয় বন কর্মকর্তা ও প্রকল্প পরিচালক	২৫/০৪/১৩ হতে ২৫/১০/১৫	নিয়মিত	না	-
মোঃ আমীর হোসাইন চৌধুরী	বিভাগীয় বন কর্মকর্তা ও প্রকল্প পরিচালক	২৫/১০/১৫ হতে ২০/০২/১৭	নিয়মিত	না	-
মোঃ মাহবুবুর রহমান	বিভাগীয় বন কর্মকর্তা ও প্রকল্প পরিচালক	২০/০২/১৭ হতে ০৬/০৩/১৭	নিয়মিত	না	-
জনাব মোঃ তহিদুল ইসলাম	বিভাগীয় বন কর্মকর্তা ও প্রকল্প পরিচালক	০৬/০৩/১৭ হতে সমাপ্তি পর্যন্ত	নিয়মিত	না	-

১৫। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

পরিকল্পিত উদ্দেশ্য		**অর্জিত ফলাফল**	
(ক)	উপকূলীয় অঞ্চলকে সাইক্লোন, জলোচ্ছাস, ঘূর্ণিঝড়ের কবল থেকে রক্ষা করা।	(ক)	প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের বিপরীতে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়িত হওয়ায় উপকূলীয় অঞ্চল সাইক্লোন, জলোচ্ছাস ও ঘূর্ণিঝড়ের কবল থেকে অনেকাংশে রক্ষা পাবে।

(খ)	সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র বিমোচন ও জ্বালানী কাঠের ঘাটতি দূর করা।	(খ)	প্রকল্পের আওতায় গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রম বাস্তবায়িত হওতায় প্রকল্প এলাকার জনসাধারণের দারিদ্র বিমোচন ও জ্বালানী কাঠের ঘাটতি দূর করা সম্ভব হয়েছে।
(গ)	স্থানীয় দরিদ্র জনগণের আর্থিক স্বচ্ছলতা আনয়ন করা।	(গ)	প্রকল্পের অনুমোদিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন পর্যায়ে স্থানীয় দরিদ্র জনগণ সরাসরি অংশগ্রহণ করায় তাঁদের আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি পেয়েছে।

১৬। **<u>উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:</u>** অনুমোদিত অংগসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রায় শতভাগ বাস্তবায়ন কাজ সম্পন্ন হওয়ায় প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

১৭। **<u>সুপারিশ:</u>**

১৭.১ অফিস-কাম ডরমেটরী ভবন নির্মাণ কাজ পরিদর্শনের সময় অনুমোদিত আরসিসি ওয়ার্ক, স্টোন ফ্লোর, সারফেস ড্রেন, সেপটিক ট্যাংক, ডিজেল জেনারেটর, ১টি হ্যান্ড বেসিন এর কাজ দৃষ্টিগোচর হয়নি। অথচ এসকল কাজের বিপরীতে বিল পরিশোধ করা হয়েছে। অন্যদিকে, আরডিপিপি'র সংস্থানকৃত অর্থের মধ্যে ০.৯৮ লক্ষ টাকা ব্যয় করা না হলেও পিসিআর-এ ব্যয় দেখানো হয়েছে। বর্ণিত উপাংগসমূহের বাস্তবায়ন না করা এবং প্রকৃত ব্যয়ের অতিরিক্ত অর্থ ব্যয় দেখানোর বিষয়টি স্পষ্ট নয় বিধায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখতে পারে (প্রতিবেদনের অনুচ্ছেদ ১২.১);

১৭.২ প্রকল্পের আওতায় বাস্তবায়িত "বাঁধের ধার বনায়ন এবং রোড সাইড প্ল্যানটেশন" কাজ পরিদর্শন করা হয়। অনুমোদিত সংস্থানের বিপরীতে এ দু'ধরনের সড়কে প্রতি কিলোমিটারে ৭-৮% নারিকেলের গাছ থাকা, সংস্থান থাকলেও আরাহার/ধনচে বাগান সৃজন না করা, সাইনবোর্ড স্থাপন ও বাউন্ডারী পিলার নির্মাণ না করা ইত্যাদি। এ ধরনের কার্যক্রম বাস্তবায়ন ব্যতিরেকে অর্থ ব্যয় করার ক্ষেত্রে কোন অনিয়ম হয়ে থাকলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারে (প্রতিবেদনের অনুচ্ছেদ ১২.২ ও ১২.৩);

১৭.৩ প্রকল্পের আওতায় জনবলের সংখ্যা অর্থ-বছর ভেদে ভিন্ন ভিন্ন দেখানো ও বেতন-ভাতা প্রদান করা এবং বোট ক্রয়ের পরিবর্তে জীপ ক্রয় করা হলেও প্রকল্প সমাপ্তি পর্যন্ত একজন বোট ড্রাইভার ও একজন বোট হেলপার নিয়োগসহ বেতন-ভাতা প্রদান করা হয়। ফলে প্রকল্পের জনবল অংগে অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব পরিলক্ষিত হয়েছে বিধায় কোন অনিয়ম হয়ে থাকলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখতে পারে (প্রতিবেদনের অনুচ্ছেদ ১২.৫ এর 'ক');

১৭.৪ প্রকল্পের মেয়াদকালে বছরওয়ারী ত্রুটিপূর্ণ সংশোধিত এডিপি বরাদ্দের সংস্থান দেখানো ও অবমুক্তি সংক্রান্ত তথ্যাদি পিসিআর-এ প্রদান না করায় অব্যয়িত অর্থের পরিমাণ নিরুপণ করা সম্ভব হয়নি। প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও প্রকৃত ব্যয়ের সঠিক চিত্র প্রদানসহ অব্যয়িত অর্থ যথানিয়মে সরকারি কোষাগারে জমাদান করা হয়েছে কিনা তা স্পষ্ট নয় বিধায় সরকারি কোষাগারে জমাদান সংক্রান্ত বার্ষিক রিকনসিলিয়েশন সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিশ্চিত করবে এবং আইএমইডিকে তা অবহিত করবে (প্রতিবেদনের অনুচ্ছেদ ১৩);

১৭.৫ ভবিষ্যতে সমাপ্ত প্রকল্পের পিসিআর প্রেরণকালে নির্ধারিত ছক অনুযায়ী পূর্ণাঙ্গ এবং নির্ভুল তথ্য প্রতিফলনের বিষয়টি নিশ্চিত করার পাশাপাশি এ ধরনের তথ্য প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে আরও যত্নবান হতে হবে; এবং

১৭.৬ প্রকল্পের অডিট নিষ্পত্তিপত্র আইএমইডি'তে প্রেরণ করতে হবে।

রিও কনভেনশন বাস্তবায়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি শীর্ষক কারিগরী শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

সমাপ্ত: (সমাপ্ত: জুন ২০১৯)

১। প্রকল্পের নাম : রিও কনভেনশন বাস্তবায়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি শীর্ষক কারিগরী প্রকল্প

২। (ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ : পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

(খ) বাস্তবায়নকারী সংস্থা : পরিবেশ অধিদপ্তর

৩। প্রকল্পের অর্থায়ন: : জিইএফ ও ইউএনডিপি

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : জুলাই ২০১৫ হতে জুন ২০১৯

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয়**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল**	**অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)**
মূল	**সর্বশেষ সংশোধিত**		**মূল**	**সর্বশেষ সংশোধিত**			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৬৭০.৮০	-	৬৭০.৮০	জুলাই ২০১৫-জুন ২০১৮	জুলাই ২০১৫-জুন ২০১৯	অক্টোবর ২০১৬-জুন ২০১৯	-	৩৩.৩৩

৫। প্রকল্প এলাকা :

বিভাগ	**জেলা**	**উপজেলা**	**সমগ্র বাংলাদেশ**
			সমগ্র বাংলাদেশ

৬। সাধারণ পর্যবেক্ষণ:

৬.১ প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:

বাংলাদেশ ২০০৭ সালে National Capacity Self-Assessment (NCSA) প্রস্তুত করেছে, যেখানে MEAs (Multilateral Environomental Agreements) বাস্তবায়নে বাংলাদেশের কারিগরি ও ব্যবস্থাপনার দক্ষতাকে প্রধান প্রতিবন্ধক হিসেবে উল্লেখ করা হয়েছে। মূলত এই প্রতিবন্ধকতাকে দূর করতেই "রিও কনভেনশনসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক কারিগরী প্রকল্পটি হাতে নেয়া হয়েছে। এই প্রকল্প বাস্তবায়ন হলে পরিবেশ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট দেশের সকল পর্যায়ের অংশীজনদের কার্যকরী অংশগ্রহণ বৃদ্ধি পাবে এবং টেকসই উন্নয়ন ত্বরান্বিত হবে, যা বিশ্ব পরিবেশ ব্যবস্থাপনায়

গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের (তৎকালীন পরিবেশ ও বন মন্ত্রানালয়) উদ্যোগে পরিবেশ অধিদপ্তর Global Environment Fecility (GEF) এবং United Nations Development Programme (UNDP) এর কারিগরি ও আর্থিক সহায়তায় প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

৬.২ প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- রিও কনভেনশনসমূহ বাস্তবায়নের মাধ্যমে বৈশ্বিক পরিবেশ ব্যবস্থাপনায় অংশগ্রহণের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ
- মানব সম্পদের উন্নয়নের লক্ষ্যে রিও কনভেনশনসহ অন্যান্য বৈশ্বিক পরিবেশ বিষয়ক কনভেনসমূহকে মূল ধারায় অন্তর্ভুক্তিকরণ
- রিও কনভেনশনসমূহ এবং টেকসই উন্নয়নের মধ্যে সংযোগ স্থাপনের জন্য সচেতনতা বৃদ্ধিকরণ

৬.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- আসবাবপত্র;
- কম্পিউটার ও সরঞ্জামাদি;
- অফিস যন্ত্রপাতি;
- পরামর্শক নিয়োগ
- প্রশিক্ষণ কার্যক্রম

৭. প্রকল্পের অনুমোদন অবস্থা:

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উদ্যোগে জিইএফ এবং ইউএনডিপি'র সহায়তায় "রিও কনভেনশন বাস্তবায়নের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক কারিগরী প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২৭/০৫/২০১৫ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় ৬৭০.৮০ লক্ষ টাকা। প্রকল্প বয়্যের পুরোটাই প্রত্যাশী সংস্থা জিইএফ এবং ইউএনডিপি কর্তৃক প্রকল্প সহায়তা। প্রকল্পটির অনুমোদিত মেয়াদকাল ছিলো জুলাই ২০১৫ হতে জুন ২০১৮ পর্যন্ত, পরবর্তীতে সংশোধিত হয়ে মেয়াদ নির্ণয় করা হয় জুলাই ২০১৫-জুন ২০১৯। তবে প্রকৃত মেয়াদকাল ছিলো অক্টোবর ২০১৬-জুন ২০১৯।

৮. ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:

আরডিপিপি অনুযায়ী প্রকল্পটির আওতায় "পণ্য ও সেবা" অর্থাৎ আইটি যন্ত্রপাতী/আসবাবপত্র ও অফিস রিনোভেশন খাতে ২১.০০ লক্ষ, পরামর্শক খাতে ১৫৫.০০ লক্ষ এবং হায়ারিং চার্জ (ভিহাইকল) খাতে ২৮.০০ লক্ষ টাকা ব্যয়ের ক্ষেত্রে ইউএনডিপির নীতিমালা অনুসরণ করা হয়েছে।

৯. মূল্যায়ন পদ্ধতি (Methodology):

(ক) প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

(খ) পিসিআর পর্যালোচনা;

(গ) প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১০। **<u>প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:</u>**

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকৃত অগ্রগতি			
			বাস্তব	আর্থিক			বাস্তব	আর্থিক		
				জিওবি	সংস্থা	মোট		জিওবি	সংস্থা	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
(ক)	**রাজস্ব ব্যয়:**									
অ.	**জিইএফ-A:**									
১.	ভ্রমনব্যায়	থোক	১০০%	-	১২.৪৮	১২.৪৮	১০০%	-	১২.৪৮	১২.৪৮
২.	স্টেশনারি, সিল ও স্ট্যাম্প	থোক	১০০%	-	৪.০০	৪.০০	১০০%	-	৪.০০	৪.০০
৩.	প্রশিক্ষণ ব্যয়	থোক	১০০%	-	১৮৩.৮৩	১৮৩.৮৩	৯৯.৬১%	-	১৮৩.৮৩	১৮৩.৮৩
৪.	প্রশিক্ষণ ব্যয়	থোক	১০০%	-	৯৬.০০	৯৬.০০	৮৪.৯৮%	-	৮১.৫৮	৮১.৫৮
৫.	পরামর্শক	mm	46 mm	-	১৫৫.০০	১৫৫.০০	১০০% (46 mm)	-	১৫৫.০০	১৫৫.০০
৬.	হায়ারিং চার্জ (গাড়ি)	mm	32 mm	-	২৮.০০	২৮.০০	১০০% (32 mm)	-	২৮.০০	২৮.০০
৭.	UNDP cost recovery charges-Bills	থোক	১০০%	-	৮.১৯	৮.১৯	১০০%	-	৮.১৯	৮.১৯
৮.	অন্যান্য ব্যয়	থোক	১০০%	-	৬.০০	৬.০০	১০০%	-	৬.০০	৬.০০
	উপমোট (A) ব্যয়:			**-**	**৪৯৩.৫০**	**৪৯৩.৫০**	**৯৭.০৮%**		**৪৭৯.০৮**	**৪৭৯.০৮**
আ.	**UNDP-B**									
১.	ভ্রমনব্যায়	থোক	১০০%	-	৭.৮০	৭.৮০	১০০%	-	৭.৮০	৭.৮০
২.	ব্যবস্থাপনা ব্যয় (Office Facility & Communication)	থোক	১০০%	-	৩০.১৭	৩০.১৭	১০০%	-	৩০.১৭	৩০.১৭

৩.	প্রকল্প সমন্বয়ক ব্যয়	mm	32 mm	-	৮৩.০৩	৮৩.০৩	১০০% (৩২ mm)	-	৮১.৭২	৮১.৭২
৪.	প্রকল্পের অন্যান্য সহকারী/সহযোগী	mm	32 mm	-	৩৫.০০	৩৫.০০	১০০% (৩২ mm)	-	৩৫.০০	৩৫.০০
উপমোট (B) ব্যয়:				**-**	**১৫৬.০০**	**১৫৬.০০**	**৯৯.১৬%**	**-**	**১৫৪.৬৯**	**১৫৪.৬৯**
উপ-মোট (রাজস্ব) ব্যয়				**-**	**৬৪৯.৫০**	**৬৪৯.৫০**	**৯৭.৫৮%**		**৬৩৩.৭৭**	**৬৩৩.৭৭**

ক্র: নং	**অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগের নাম**	**একক**	**ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা**				**প্রকৃত অগ্রগতি**			
			বাস্তব	**আর্থিক**			**বাস্তব**	**আর্থিক**		
				জিওবি	**সংস্থা**	**মোট**		**জিওবি**	**সংস্থা**	**মোট**
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
(খ) মুলধন ব্যয়:										
১.	IT Equipments/Furnitures and Office Renovations	থোক	১০০%	-	২১.৩০	২১.৩০	৯৮.৬০%	-	২১.০০	**২১.০০**
উপ-মোট (মুলধন ব্যয়):				**-**	**২১.৩০**	**২১.৩০**	**৯৮.৬০%**		**২১.০০**	**২১.০০**
(গ)	**(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি**	-	-	-	-	-	-	-	-	-
(ঘ)	**(ঘ) প্রাইস কনটিনজেন্সি**	-	-	-	-	-	-	-	-	-
সর্বমোট (ক+খ+গ+ঘ):				**-**	**৬৭০.৮০**	**৬৭০.৮০**	**৯৭.৬১%**	**-**	**৬৫৪.৭৭**	**৬৫৪.৭৭**

তথ্যসূত্র: পিসিআর

- বর্ণিত অংগভিত্তিক অগ্রগতির তথ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক রাজস্ব খাতে ৬৩৩.৭৭ লক্ষ টাকা, IT Equipments/Furnitures and Office Renovations বাবদ ২১.০০ লক্ষ টাকাসহ মোট ৬৫৪.৭৭ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে।
- প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ৬৫৪.৭৭ লক্ষ টাকা, যা মোট প্রকল্প ব্যয়ের ৯৭.৬১%

১১। বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ ও অর্থ ব্যয় সংক্রান্ত তথ্যাদি:

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান (জিওবি অর্থ)			সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি (প্রত্যাশী সংস্থা)	ব্যয়		
	মোট	জিওবি টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ	মোট	জিও বি টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ		মোট	জিও বি টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
২০১৫-১৬	১৬৮.৭২	-	১৬৮.৭২	-	-	-	-	-	-	-
২০১৬-১৭	২৫১.৬৮	-	২৫১.৬৮	৮৫.০০	-	৮৫.০০	৮৫.০০	৮৪.২৩	-	৮৪.২৩
২০১৭-২০১৮	২৫০.৪০	-	২৫০.৪০	২৫০.০০	-	২৫০.০০	২৫০.০০	২৪৮.৯৬	-	২৪৮.৯৬
২০১৮-১৯	-	-	-	৩৩৬.০০	-	৩৩৬.০০	৩৩৬.০০	৩২১.৫৮	-	৩২১.৫৮
মোট:	**৬৭০.৮০**	**-**	**৬৭০.৮০**	**৬৭১.০০**	**-**	**৬৭১.০০**		**৬৫৪.৭৭**		**৬৫৪.৭৭**

তথ্যসূত্র: পিসিআর

১২. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: পিসিআরে প্রদত্ত তথ্যানুযায়ী অনুমোদিত অংগসমূহের বিপরীতে কোন কাজ অসমাপ্ত নেই।

১৩. প্রকল্প পরিদর্শন: প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শনকালে পরিবেশ অধিদপ্তর, ঢাকাতে প্রকল্প পরিচালক উপস্থিত থেকে সহযোগিতা করেছেন। উল্লেখ্য প্রকল্পটি জুন ২০১৯ সালে সমাপ্ত হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালীন পর্যবেক্ষণ ও অন্যান্য বর্ণনা নিম্নরূপ:

১৩.১ বিভিন্ন তথ্যাবলী:

ক. অনুমোদিত কাজের পরিমাণ ও আর্থিক সংস্থান:

- রাজস্ব খাতের জিইএফ-A অংশে মোট ৪৯৩.৫০ লক্ষ টাকার প্রকল্প সাহায্যের সংস্থান রাখা হয়। পিসিআর-এ ব্যয়িত তথ্য পর্যালোচনায় দেখা যায় প্রকল্প কর্তৃক ব্যয় করা হয়েছে ৪৭৯.০৮ লক্ষ টাকা, যা সংস্থানকৃত অর্থের ৯৭.০৮%। সময় স্বল্পতার জন্য বৈদেশিক প্রশিক্ষণ খাতের টাকা খরচ করা যায় নি। ফলে রাজস্ব খাতের জিইএফ-A অংশের ২.৯২% টাকা অর্থাৎ ১৪.৪২ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয় নি।
- রাজস্ব খাতের UNDP-B অংশে মোট ১৫৬.০০ লক্ষ টাকার প্রকল্প সাহায্যের সংস্থান রাখা হয়। পিসিআর-এ ব্যয়িত তথ্য পর্যালোচনায় দেখা যায় প্রকল্প কর্তৃক ব্যয় করা হয়েছে ১৫৪.৬৯ লক্ষ টাকা, যা সংস্থানকৃত অর্থের ৯৯.১৬%। মূলধন ব্যয় IT Equipments/Furnitures and Office Renovations এর ২১.৩০ লক্ষ টাকার মধ্যে ২১.০০টাকা ব্যয় করা হয়েছে অর্থাৎ ৯৮.৬০% টাকা ব্যয়িত হয়েছে। UNDP'র নীতিমালা অনুযায়ী পণ্য ক্রয় সম্পন্ন করা হয়েছে।

খ. প্রাতিষ্ঠানিক সমক্ষমতা বৃদ্ধি:

- **প্রশিক্ষণ মডিউল প্রণয়ন:** তিনটি রিও কনভেনশনের উদ্দেশ্য, নীতিমালা, বাধ্যবাধকতা এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাস্তবায়নের পদ্ধতি সম্পর্কে সরকারি কর্মকর্তাদের সঠিক ধারণা প্রদান করার লক্ষ্যে রিও প্রকল্প ৩ (তিন)টি রিও কনভেনশন সংক্রান্ত একটি প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করা হয়েছে। ইতোমধ্যে মডিউলটি BCSAA'এর ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১ এবং ১১২তম আইন ও প্রশাসন কোর্সে অন্তর্ভুক্ত হয়েছে।
- **০৮টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মধ্যে অংশীদারিত্ব তৈরি:** রিও কনভেনশনসমূহকে প্রশিক্ষণের মূল ধারায় অন্তর্ভুক্তির মাধ্যমে প্রাতিষ্ঠানীকরণের লক্ষ্যে রিও প্রকল্প ০৮ (আট) টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান যথা BPATC, BCSAA, NAPD, BIAM, NATA, BARD, RDA এবং NAEM সাথে অংশীদারিত্ব স্থাপন করেছে। Need Assesment এর মাধ্যমে উপর্যুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রিও কনভেনশনসমূহ নিয়ে একটি সমন্বিত রিপোর্ট প্রণীত হয়েছে। উপর্যুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে কার্যক্রম অব্যাহত রাখার উদ্দেশ্যে প্রতিটি প্রতিষ্ঠান থেকে ০১ (এক) জন মুখ্য এবং ০১ (এক) জন বিকল্প ফোকাল পার্সন মনোনয়ন দেয়া হয়েছে যাঁদেরকে নিয়ে পৃথকভাবে মতবিনিময় সভা আহ্বান করা হয়েছে।
- **প্রতিবেশ ব্যবস্থাপনা তহবিল গঠন:** এই প্রকল্পের উদ্যোগে প্রতিবেশগত সংকাটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা ২০১৬ এর বিধি ২৩ এর অধীন পরিবেশ অধিদপ্তরের আওতায় "প্রতিবেশ ব্যবস্থাপনা তহবিল" গঠিত হয়েছে এবং এই প্রকল্প থেকে ১২ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।
- **কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বার্ষিক উন্নয়ন কার্যক্রমে রিও কনভেনশনসমূহকে অন্তর্ভুক্তি:** কৃষিতে জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন এবং মরুময়তা রোধ কনভেনশনের প্রতিশ্রুতিসমূহ অন্তর্ভুক্ত করার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জন্য একটি সূচক কাঠামো (Indicator Framework) প্রস্তুত করা হয়েছে।
- **পরিবেশ অধিদপ্তরের তথ্য প্রযুক্তির সক্ষমতা বৃদ্ধি ও অফিস আধুনিকায়ন:** রিও প্রকল্প থেকে অফিস ব্যবস্থাপনার লক্ষ্যে ১টি ল্যাপটপ, ৪টি ডেস্কটপ, ১টি মনিটর, ১টি ক্যামেরা, ১টি মাল্টিমিডিয়া, ১টি ফটোকপি মেশিন, ১টি স্ক্যানার, ১টি প্রিন্টার, ১০ টি বিভিন্ন ধরণের টেবিল, ২৪টি বিভিন্ন আকারের চেয়ার, ১টি সোফা, ১টি স্টিলের আলমিরা, ১টি লকার এবং বিভিন্ন রুম সজ্জিতকরণ মালামাল ক্রয় করা হয়েছে। ফলে পরিবেশ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। IT Equipments/Furnitures গুলিকে Non-expendable Property Register এ লিপিবদ্ধ করে Asset ID Number প্রদানপূর্বক পরিবেশ অধিদপ্তরে ব্যবহৃত হচ্ছে।

গ. মানবসম্পদ উন্নয়ন: রিও প্রকল্পের মাধ্যমে মধ্যম পর্যায়ের সরকারি কর্মকর্তাগণের জন্য ৩টি রিও কনভেনশন বিষয়ে মোট ০৬ (ছয়) টি "প্রশিক্ষকদের প্রশিক্ষণ" (TOT) এর আয়োজন করা হয়েছে। TOT প্রশিক্ষণে ১০টি মন্ত্রণালয়, ০৬টি অধিদপ্তর এবং ১০টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মোট ১১০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন।

ঘ.সচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে বিভিন্ন কর্মশালা/সভা আয়োজন:

- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের টেকসই উন্নয়ন অভীস্ট (SDG) সংক্রান্ত কর্মপরিকল্পনা (Implementation Plan) প্রণয়ন করা হয়েছে।
- বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, হাইকমিশন, ইউএনডিপি, সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বেসরকারি প্রতিষ্ঠান, মিডিয়ার মোট ১৬০ জন প্রতিনিধির সঙ্গে দিনব্যাপী কর্মশালার আয়োজন।
- Public awareness implementation plan রিপোর্ট প্রণয়ন করা হয়েছে এবং জাতীয় প্রধান প্রধান দৈনিক ও ইলেকট্রোনিক মিডিয়ার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।
- প্রায় ১৫০০ জন শিক্ষার্থীদের নিয়ে একটি Environment Olympiad এর আয়োজন করা হয়েছে।

- Reo Conventions এর বাধ্যতামূলক ধারাগুলি জাতীয় পরিকল্পনার সাথে সমন্বয় সাধনের লক্ষ্যে ঢাকা, চট্টগ্রাম, কক্সবাজার, বগুড়া, খুলনা, সিলেট এবং ৫টি সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউটে একটি অভিজ্ঞতা বিনিময় কর্মশালা আয়োজন করা হয়েছে।
- মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, একাডেমিয়া, বেসরকারি খাত এবং মিডিয়ার প্রায় ৬০ জন অংশগ্রহণকারীর সাথে একটি অভিজ্ঞতা বিনিময় সভার আয়োজন করা হয়েছে।

ঙ. হাকালিকু হাওরে জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, মরুময়তা এবং ভূমিক্ষয় রোধ কনভেনশনসমূহের বাস্তবায়ন:

জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, মরুময়তা এবং ভূমিক্ষয় রোধ কনভেনসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত প্রতিবেশগত সংকাটাপন্ন এলাকা (Ecologically Critical Area-ECA) হাকালুকি হাওরে রিও প্রকল্প কর্তৃক সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলার যুধিষ্ঠিরপুর গ্রামে পাইলটিং কার্যক্রম গ্রহণ করা হয়। প্রকল্প থেকে পাইলট আকারে নিম্নলিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়-

- ৫০০০ চারা উৎপাদনক্ষম একটি নার্সারি প্রতিষ্ঠা করা হয়;
- পাইলটিং এলাকায় হিজল, করচসহ অন্যান্য বৃক্ষের ৫,০০০ গাছের চারা রোপন করা হয়;
- ৫টি বাড়িতে সোলার হোম পাওয়ার সিস্টেম বিতরণ করা হয়;
- গ্রাম সংরক্ষণ দলের (Village Conservation Group-VCG) সদস্যদের মাঝে ৮টি গরু, ৫০টি ভেড়া এবং ৮০০ মুরগী বিতরণ করা হয়;
- ২০×২০ বর্গফুট আয়তনের জৈব সার উৎপাদনের ট্যাঙ্ক স্থাপন করা হয়;
- ড্রাগন ফল উৎপাদনে আগ্রহ বৃদ্ধির লক্ষে পাহাড়ী ঢালের ৩ একর জমিতে প্রদর্শনী প্লট স্থাপন করা হয়;
- গ্রাম সংরক্ষণ দলের (Village Conservation Group-VCG) ২০০ জন সদস্যকে ইকোট্যুরিজম, নার্সারি ব্যবস্থাপনা, প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়;
- ৭০০টি পরিবারকে প্রতিবেশ বান্ধব জীবিকা সমন্ধে সংবেদনশীল করা হয়;
- ৩,০০০ জন হাওরবাসীকে সমাজ ভিত্তিক (Community-based) অভিযোজন সমন্ধে সচেতন করা হয়।

চ. ক্রয়: প্রকল্পটি Global Environment Fecility (GEF), United Nations Development Programme (UNDP) এর কারিগরি ও আর্থিক সহায়তায় বাস্তবায়ন হয়েছে। প্রকল্পে কোন পূর্ত কার্যক্রম ছিলো না। প্রকল্পের সমস্ত পণ্য ও সেবা/পরামর্শক ক্রয় প্রক্রিয়া UNDP'র নীতিমালা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। প্রকল্পে পরামর্শক ক্রয় বাবদ ১৫৫.০০ লক্ষ টাকা এবং Equipments/Furnitures and Office Renovations ব্যয় বাবদ ২১.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

১৪। অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:

ক্র: নং	অডিটের ধরণ	অর্থবছর	অডিট রিপোর্ট প্রদান	আপত্তির বিবরণ	জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তি সংক্রান্ত	মন্তব্য
১	আভ্যন্তরীণ অডিট	অক্টোবর ২০১৬-জুন ১৭	১৫.১১.২০১৭	-	-	-	-
২		জুলাই ২০১৭-জুন ২০১৯ (Independent	২৮.০৭.২০১৯	-	-	-	অত্যন্ত সন্তোষজনক

ক্র: নং	অডিটের ধরণ	অর্থবছর	অডিট রিপোর্ট প্রদান	আপত্তির বিবরণ	জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তি সংক্রান্ত	মন্তব্য
		Terminal Evaluation by UNDP HQ)					
৩	বহিঃঅডিট	তৃতীয় পক্ষ কর্তৃক সম্পন্ন হয়েছে মর্মে UNDP থেকে প্রকল্প পরিচালককে জানানো হয় বলে প্রকল্প পরিচালক অবহিত করেন। কিন্তু কোন দালিলিক কাগজপত্র প্রদর্শণ করতে পারেন নি।					

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর নাম		মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
					হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
০১	মো: জিয়াউল হক	পরিবেশ অধিদপ্তর, পরিচালক	১৬.১০.২০১৬-৩০.০৬.২০১৯	অতিরিক্ত	হ্যাঁ	০২


১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
(ক)	রিও কনভেনশন বাস্তবায়নের মাধ্যমে বৈশ্বিক পরিবেশ ব্যবস্থাপনায় অংশগ্রহণের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ	(ক)	১। রিও প্রকল্প ৩ (তিন)টি রিও কনভেনশন সংক্রান্ত একটি প্রশিক্ষণ মডিউল প্রণয়ন যার লক্ষ্য হচ্ছে তিনটি রিও কনভেনশনের উদ্দেশ্য, নীতিমালা, বাধ্যবাধকতা এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাস্তবায়নের পদ্ধতি সম্পর্কে সরকারি কর্মকর্তাদের সঠিক ধারণা প্রদান করা। ইতোমধ্যে মডিউলটি BCSAA'এর ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১ এবং ১১২তম আইন ও প্রশাসন কোর্সে অন্তর্ভুক্ত হয়েছে। ২। রিও কনভেনশনসমূহকে প্রশিক্ষণের মূল ধারায় অন্তর্ভুক্তির মাধ্যমে প্রাতিষ্ঠানীকরণের লক্ষ্যে রিও প্রকল্প ০৮ (আট) টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান যথা BPATC, BCSAA, NAPD, BIAM, NATA, BARD, RDA এবং NAEM সাথে অংশীদারিত্ব স্থাপন করেছে। Need Assesment এর মাধ্যমে উপর্যুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রিও কনভেনশনসমূহ নিয়ে একটি সমন্বিত রিপোর্ট প্রণীত হয়েছে। উপর্যুক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে কার্যক্রম অব্যাহত রাখার উদ্দেশ্যে প্রতিটি প্রতিষ্ঠান থেকে ০১ (এক) জন মুখ্য এবং ০১ (এক) জন বিকল্প ফোকাল পার্সন মনোনয়ন দেয়া হয়েছে যাঁদেরকে নিয়ে পৃথকভাবে মতবিনিময় সভা আহ্বান করা হয়েছে। ৩। এই প্রকল্পের উদ্যোগে প্রতিবেশগত সংকাটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা ২০১৬ এর বিধি ২৩ এর অধীন পরিবেশ অধিদপ্তরের আওতায় "প্রতিবেশ ব্যবস্থাপনা


পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল	
			তহবিল" গঠিত হয়েছে এবং এই প্রকল্প থেকে ১২ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। ৪। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বার্ষিক উন্নয়ন কার্যক্রমে রিও কনভেনশনসমূহকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ৫। পরিবেশ অধিদপ্তর আইটি ইক্যুইপমেন্টে সমৃদ্ধ হওয়ায় এর সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।
(খ)	মানব সম্পদের উন্নয়নের লক্ষ্যে রিও কনভেনশনসহ অন্যান্য বৈশ্বিক পরিবেশ বিষয়ক কনভেনসমূহকে মূল ধারায় অন্তর্ভুক্তিকরণ	(খ)	১। রিও প্রকল্পের মাধ্যমে মধ্যম পর্যায়ের সরকারি কর্মকর্তাগণের জন্য ৩টি রিও কনভেনশন বিষয়ে মোট ০৬ (ছয়) টি "প্রশিক্ষকদের প্রশিক্ষণ" (TOT) এর আয়োজন করা হয়েছে। TOT-তে ১০টি মন্ত্রণালয়, ০৬টি অধিদপ্তর এবং ১০টি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মোট ১১০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছেন। ২। হাকালিকু হাওরে জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, মরুময়তা এবং ভূমিক্ষয় রোধ কনভেনশনসমূহের পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।
(গ)	রিও কনভেনশনসমূহ এবং টেকসই উন্নয়নের মধ্যে সংযোগ স্থাপনের জন্য সচেতনতা বৃদ্ধিকরণ	(গ)	১। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের টেকসই উন্নয়ন অভীস্ট (SDG) সংক্রান্ত কর্মপরিকল্পনা (Implementation Plan) প্রণয়ন করা হয়েছে। ২। বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, হাইকমিশন, ইউএনডিপি, সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বেসরকারি প্রতিষ্ঠান, মিডিয়ার ১৬০ জন প্রতিনিধিগনের সঙ্গে দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়েছে। ৩। Public awareness implementation plan রিপোর্ট প্রণয়ন করা হয়েছে এবং জাতীয় প্রধান প্রধান দৈনিক ও ইলেকট্রোনিক মিডিয়ার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। ৪। প্রায় ১৫০০ জন শিক্ষার্থীদের নিয়ে একটি Environment Olympiad এর আয়োজন করা হয়েছে। ৫। Reo Conventions এর বাধ্যতামূলক ধারাগুলি জাতীয় পরিকল্পনার সাথে সমন্বয় সাধনের লক্ষ্যে ঢাকা, চট্টগ্রাম, কক্সবাজার, বগুড়া, খুলনা, সিলেট এবং ৫টি সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউটে একটি অভিজ্ঞতা বিনিময় কর্মশালা আয়োজন করা হয়েছে। ৬। মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, একাডেমিয়া, বেসরকারি খাত এবং মিডিয়ার প্রায় ৬০ জন অংশগ্রহণকারীর সাথে একটি অভিজ্ঞতা বিনিময় সভা আয়োজন করা হয়েছে।

১৭। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: পিসিআর পর্যালোচনা ও সরেজমিন পরিদর্শনে অনুমোদিত অংগসমূহ নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ বাস্তবায়ন হয়েছে বিধায় প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়।


১৮। রিও প্রকল্পের প্রকাশনা:




ট্রেনিং মডিউল (পৃষ্ঠা সংখ্যা ২১৪)



এসডিজি সংক্রান্ত কর্মপরিকল্পনা (পৃষ্ঠা সংখ্যা ১০১)



প্রকল্পের সফলতা (বাংলা)



প্রকল্পের সফলতা (ইংরেজি)

১৯। সুপারিশ:

১. প্রকল্পের আওতায় যে সকল ডকুমেন্টস প্রস্তুত করা হয়েছে, সেগুলি যথাযথভাবে সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ এবং তার ধারাবাহিকতা রক্ষা ও টেকসই করার লক্ষ্যে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

২. জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, মরুময়তা এবং ভূমিক্ষয় রোধ কনভেনশনসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে রিও প্রকল্প থেকে প্রাপ্ত তথ্যপ্রযুক্তিগুলি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিতরণ কিংবা শিক্ষা পাঠক্রমে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

৩. এক্সটার্নাল অডিটের বিষয়ে লিখিত কোন তথ্য পাওয়া যায়নি, প্রকল্প কর্তৃপক্ষ এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে পারে।

৪. উল্লিখিত সুপারিশ/মতামতের আলোকে গৃহীত ব্যবস্থা আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

"Implementation of HCFC Phase-out Management Plan (HPMP) UNEP Component (Stage-1) (২য় সংশোধিত)" শীর্ষক কারিগরি সহায়তা সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন,২০১৯)

১.০। প্রকল্পের নাম : "Implementation of HCFC Phase-out Management Plan (HPMP) UNEP Component (Stage-1) (২য় সংশোধিত)" কারিগরি সহায়তা সমাপ্ত প্রকল্প।

২.০। প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ।

৩.০। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৪.০। বাস্তবায়নকারী সংস্থা : পরিবেশ অধিদপ্তর।

৫.০। প্রকল্পের ধরণ : কারিগরি সহায়তা প্রকল্প।

৬.০। অর্থায়নের উৎস : এমএলএফ/ইউএনইপি-এর অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত।

৭.০। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
২৯৩.৪২ (জিওবি ইন কাইন্ড ১৮.২৯+ প্রকল্প সাহায্য ২৭৫.১৩ লক্ষ টাকা)	২৯৮.৮০ (জিওবি ইন কাইন্ড ১৯.৮০+ প্রকল্প সাহায্য ২৭৯.০০ লক্ষ টাকা)	২৭৮.৭০ (জিওবি ইন কাইন্ড ১৯.৮০+ প্রকল্প সাহায্য ২৭৮.৭০ লক্ষ টাকা)	জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৭ (৪২ মাস)	জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৯ (৬৬ মাস)	জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৯ (৬৬ মাস)	৫.৩৮ ১.৮৩%	২ বছর ৫৭.১৪%

ক) বাংলাদেশ সরকারের নিজস্ব (ইন কাইন্ড) এবংইউএনইপি-এর অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত।
খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত ব্যয় বৃদ্ধির হার (%) : ১.৮৩%
গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিভূত মেয়াদ বৃদ্ধির হার (%) : ৫৭.১৪%

৮.০। পটভূমি:

মানুষ ও জীবজগতের অস্তিত্ব রক্ষায় ওজোনস্তরের অবদান অপরিসীম। কিন্তু মানুষের কর্মকান্ডের জন্য ওজোনস্তর দিন দিন ক্ষয়প্রাপ্ত হচ্ছে। ওজোনস্তর ক্ষয়রোধে ১৯৮৭ সালে মন্ট্রিল প্রটোকল গৃহীত হয়। বাংলাদেশে ১৯৯০ সালের ২ আগস্ট মন্ট্রিল প্রটোকল স্বাক্ষর করে এবং প্রটোকলের লন্ডন, কোপেনহেগেন, মন্ট্রিল ও বেইজিং সংশোধনীসমূহ যথাক্রমে ১৯৯৪, ২০০০, ২০০১ ও ২০১০ সালে অনুমোদন করে। মন্ট্রিল প্রটোকল সফল বাস্তবায়নে সরকারকে বিশেষজ্ঞ সহায়তা প্রদানের লক্ষ্যে ১৯৯৫ সালে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনের মন্ত্রণালয়ের সচিবকে চেয়ারম্যান করে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্রী সংক্রান্ত জাতীয় কারিগরী কমিটি এবং প্রটোকলের পালনীয় শর্তগুলো মাঠপর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে ১৯৯৬ সালে পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালককে চেয়ারম্যান করে ওজোন সেল গঠিত হয়। মন্ট্রিল প্রটোকল মাল্টিলেটারেল ফান্ডের আর্থিক ও কারিগরি সহায়তায় এ যাবৎ ১৯টি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। প্রটোকাল বাস্তবায়নের প্রযোজনে HCFC অপসারনে HPMP Stage-1 প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৯.০। প্রকল্পের উদ্দেশ্য:

- রিফ্রিজারেশন সেক্টরে নিয়োজিত টেকনিশিয়ানদের প্রশিক্ষণ প্রদান ;

- ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসামগ্রীর আমদানী ও চোরাচালান রোধের লক্ষ্যে কাষ্টমস অফিসার ও সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ;
- চোরাচালান রোধের লক্ষ্যে Customs Entry Point গুলোতে ODS Identifier প্রদান ;
- Communication Materials নির্ধারণ মুদ্রণ প্রস্তুত ও বিতরণ ;
- Polyechnic & TTCএর Refrigeration and Air-Conditioning পাঠ্যক্রম-এ ODS বিষয়াদি অন্তর্ভুক্তির জন্য পাঠ্যক্রম সংশোধন সংযোজন।

১০.০। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্তি প্রতিবেদন এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্র: নং	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	পরিমাণ	আরডিপিপি'র লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয়	
				আর্থিক (%)	বাস্তব (%)	আর্থিক (%)	বাস্তব (%)
১	২		৩	৪	৫	৬	৭
১.	প্রকল্প পরিচালক	জনমাস	৬৬ (১জন)	১৯.৮০	৬৬ (১জন)	১৯.৮০ (১০০%)	৬৬ (১জন) (১০০%)
২.	বৈদেশিক পরামর্শক	সংখ্যা	৫জন	২৮.৬০	৫জন	২৮.৫৪ (৯৯.৭৯%)	৫জন (১০০%)
৩.	প্রশিক্ষণ কর্মশালা (নীতি ও আইন প্রয়োগ)	সংখ্যা	৫টি	১৩.৭৮	৫টি	১৩.৭৮ (১০০%)	৫টি (১০০%)
৪.	প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালা (আরএসি সার্ভিস টেকনিশিয়ান)	সংখ্যা	৩টি	৫.৮২	৩টি	৫.৮২ (১০০%)	৩টি (১০০%)
৫.	প্রশিক্ষণ কর্মশালা (আরএসি সার্ভিস টেকনিশিয়ান)	সংখ্যা	৭০টি	১৪২.০০	৭০টি	১৪২.০০ (১০০%)	৭০টি (১০০%)
৬.	বাংলাদেশ, ভারত, নেপাল, ভূটান ও মিয়ানমার এর মধ্যে বর্ডার ডায়ালগ	সংখ্যা	৩টি	৮.৪৩	৩টি	৮.২৬ (৯৭.৯৮%)	৩টি (১০০%)
৭.	এইচসিএফসি ফেজআউট বিষয়ক বিভাগীয় কর্মশালা	সংখ্যা	৩টি	৬.৫০	৩টি	৬.৪৮ (৯৯.৬৯%)	৩টি (১০০%)
৮.	নীতি-নির্ধারক ও আইন প্রয়োগকারী সংস্থার জন্য ট্রেনিং ম্যানুয়াল প্রণয়ন	জনমাস	৩	১.৫০	৩	১.৫০ (১০০%)	৩ (১০০%)
৯.	নীতি-নির্ধারক ও আইন প্রয়োগকারী সংস্থার জন্য ট্রেনিং ম্যানুয়াল মুদ্রণ	সংখ্যা	৫৫০টি	১.৩০	৫৫০টি	১.৩০ (১০০%)	৫৫০টি (১০০%)
১০.	আরএসি সার্ভিস টেকনিশিয়ানদের জন্য ট্রেনিং ম্যানুয়াল প্রণয়ন এবং কারিকুলাম প্রণয়ন	জনমাস	৪	২.৫২	৪	২.৫২ (১০০%)	৪ (১০০%)
১১.	আরএসি সার্ভিস টেশনিশিয়ানদের জন্য ট্রেনিং ম্যানুয়াল মুদ্রণ	সংখ্যা	৩৫০০টি	৮.২০	৩৫০০টি	৮.১৮ (৯৯.৭৬%)	৩৫০০টি (১০০%)
১২.	জনসচেতনামূলক কার্যক্রম প্রণয়ন	জনমাস	৩মাস	১.৩২	৩মাস	১.৩২ (১০০%)	৩মাস (১০০%)
১৩.	জনসচেতনামূলক কার্যক্রম মুদ্রণ ও বিতরণ এবং আন্তর্জাতিক ওজোন দিবস ২০১৭ উদযাপন	মাস	৬৬	২২.২০	৬৬	২২.১৯ (৯৯.৯৫%)	৬৬ (১০০%)
১৪.	স্টেশনারি	মাস	৬৬	৩.৫০	৬৬	৩.৫০ (১০০%)	৬৬ (১০০%)
১৫.	স্থানীয় ভ্রমণ	মাস	৬৬	১.৫০	৬৬	১.৪৯ (৯৯.৩৩%)	৬৬ (১০০%)
১৬.	গাড়ী ভাড়া	মাস	৬৬	৯.০০	৬৬	৯.০০ (১০০%)	৬৬ (১০০%)
১৭.	বিজ্ঞাপন	সখ্যা	২	১.৮০	২	১.৮০ (১০০%)	২ (১০০%)

১৮.	বিবিধ	মাস	৬৬	২.০৫	৬৬	২.০৪ (৯৯.৫১%)	৬৬ (১০০%)
১৯.	ওডিএসআই ডেন্টিফায়ার (মুলধন)	সংখ্যা	৫টি	১৮.৯৮	৫টি	১৮.৯৮ (১০০%)	৫টি (১০০%)
	সর্বমোট =			**২৯৮.৮০**		**২৯৮.৫০ (৯৯.৯০%)**	**(১০০%)**

১১.০। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	সিটিকর্পোরেশন/ পৌরসভা/উপজেলা/থানা
সমগ্র বাংলাদেশ		

১২.০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

প্রকল্পের আওতায় অনুমোদিত আরটিএপিপি অনুযায়ী সকল অংগের কাজ ১০০% বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পটির আরটিপিপি'র প্রাক্কলিত ২৯৮.৮০ লক্ষ টাকা এবং আরএডিপি বরাদ্দ ২৯৮.৮০ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে সর্বমোট ব্যয় হয়েছে ২৯৮.৫০ লক্ষ টাকা (জিওবি ইন কাইন্ড ১৯.৮০+ প্রকল্প সাহায্য ইউএনএফপি ২৭৮.৭০ লক্ষ টাকা) ।

১৩.০। <u>প্রকল্পের অনুমোদন পর্যায় ও সংশোধন :</u>

- কারিগরি সহায়তা প্রকল্পটি ২৯৩.৪২ লক্ষ টাকা (জিওবি ইন কাইন্ড ১৮.২৯ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২৭৫.১৩) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৪ হতে জুন,২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৭/০০৭/২০১৪ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন লাভ করে।
- পরবর্তীতে ১ম সংশোধিত কারিগরি সহায়তা প্রকল্পটি ২৯৩.৪২ লক্ষ টাকা (জিওবি ইন কাইন্ড ১৮.২৯ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২৭৫.১৩) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৯/০৬/২০১৭ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন করা হয়।
- বাস্তবায়ন পর্যায়ে অঙ্গের পরিমাণ ও ব্যয় বৃদ্ধি, নতুন অঙ্গের অন্তর্ভুক্তি এবং বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পের ২য় সংশোধিত কারিগরি সহায়তা প্রকল্পটি ২৯৮.৮০ লক্ষ টাকা (জিওবি ইন কাইন্ড ১৯.৮০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২৭৯.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ২৪/১০/২০১৮ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১৪.০। <u>বছরভিত্তিক এডিপি/সংশোধিতএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় :</u>

(লক্ষ টাকায়)

অর্থবছর	এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০১৩-২০১৪	১.৮০	১.৮০	০	৪৬.৪২	১.৮০	১.৮০	০
২০১৪-২০১৫	৫৩.৬০	৩.৬০	৫০.০০	৪৬.৪৪	৫৩.৫৯	৩.৬০	৪৯.৯৯
২০১৫-২০১৬	৭৭.৬০	৩.৬০	৭৪.০০	৩১.২০	৭৭.৫৭	৩.৬০	৭৩.৯৭
২০১৬-২০১৭	৬৩.৬০	৩.৬০	৬০.০০	৪৫.২৪	৬৩.৫৯	৩.৬০	৫৯.৯৯
২০১৭-২০১৮	৫৩.৬০	৩.৬০	৫০.০০	১৪.৪৯	৫৩.৪০	৩.৬০	৪৯.৮০
২০১৮-২০১৯	৪৮.৬০	৩.৬০	৪৫.০০	১২.৫৭	৪৮.৫৫	৩.৬০	৪৪.৯৫
মোট=	**২৯৮.৮০**	**১৯.৮০**	**২৭৯.০০**	**১৯৬.৩৬**	**২৯৮.৫০**	**১৯.৮০**	**২৭৮.৭০**

(পিসিআর অনুযায়ী)

১৫.০। <u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :</u>

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
০১	জনাব কাজী সারওয়ার ইমতিয়াজ হাশমী মহাপরিচালক	অতিরিক্ত দায়িত্ব	০১/১২/২০১৪ থেকে ২৮/০২/২০১৯
০২	জনাব মোঃ জিয়াউল হক	অতিরিক্ত দায়িত্ব	১৬/০৫/২০১৯ থেকে

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
	পরিচালক		৩০/০৬/২০১৯

১৬.০। <u>প্রকল্পের আওতায় অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন টিএপিপি/আরটিএপিপি এর সংস্থান প্রতিপালন :</u>

টিএপিপি/আরটিএপিপি অনুযায়ী প্রকল্প মেয়াদে নিম্নলিখিত কার্যক্রম সমূহ সম্পাদন করা হয়েছে :

প্রকল্পের আওতায় প্রকল্প পরিচালক নিয়োগ ১ জন ৬৬ জনমাস, বৈদেশিক পরামর্শক নিয়োগ ৫ জন, প্রশিক্ষণ কর্মশালা (নীতি ও আইন প্রয়োগ) ৫টি, প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালা (আরএসি সার্ভিস টেকনিশিয়ান) ৩টি, প্রশিক্ষণ কর্মশালা (আরএসি সার্ভিস টেকনিশিয়ান) ৭০টি, বাংলাদেশ, ভারত, নেপাল, ভূটান ও মিয়ানমার এর মধ্যে বর্ডার ডায়ালগ স্থাপন ৩টি, এইচসিএফসি ফেজ আউট বিষয়ক বিভাগীয় কর্মশালা ৩টি, নীতি-নির্ধারক ও আইন প্রয়োগকারী সংস্থার জন্য ট্রেনিং ম্যানুয়াল প্রণয়ন ৫৫৩টি, আরএসি সার্ভিস টেকনিশিয়ানের জন্য ট্রেনিং ম্যানুয়াল মুদ্রণ এবং কারিকুলাম প্রণয়ন ৪টি, আরএসি সার্ভিস টেকনিশিয়ানের জন্য ট্রেনিং ম্যানুয়াল মুদ্রণ ৩৫০০ টি, জনসচেতনতামূলক কার্যক্রম প্রণয়ন ৩ মাস, জনসচেতনতামূলক কার্যক্রম মুদ্রণ ও বিতরণ এবং আন্তর্জাতিক ওজোন দিবস ২০১৭ উদযাপন ৬৬ মাস, স্টেশনারি ৬৬ মাস, স্থানীয় ভ্রমণ ৬৬ মাস, গাড়ী ভাড়া ৬৬ মাস, বিজ্ঞাপন ২টি, বিবিধ ৬৬ মাস, ওডিএন আইডেন্টিফায়ার (মুলধন) ৫টি, ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে মর্মে পিসিআরএ উল্লেখ রয়েছে।

১৭.০। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
রিফ্রিজারেশন সেক্টরে নিয়োজিত টেকনিশিয়ানদের প্রশিক্ষণ প্রদান ;	Refrigeration and Air-Conditioning সেক্টরে কর্মরত ৩৫০০ জন টেকনিশিয়ানকে প্রশিক্ষণ প্রদান ও সহায়ক পুস্তক বিতরণ।
ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য সামগ্রীর আমদানী ও চোরাচালানরোধের লক্ষ্যে কাষ্টমস অফিসার ও সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ;	১৮৯ জন কাস্টমস ও আইন বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান।
চোরাচালানরোধের লক্ষ্যে Customs Entry Point গুলোতে ODS Identifier প্রদান ;	চোরাচালানরোধের জন্য কাস্টমস Entry Point-এ ৪টি ODS আইডেন্টি ফায়ার প্রদান এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান ।
প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালা (আরএসিসার্ভিসটেকনিশিয়ান)	রেফ্রিজারেশন ও এয়ার-কন্ডিশনিং সেক্টরে নিয়োজিত শিক্ষক, প্রকৌশলী ও প্রশিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে ৮২ জনকে প্রশিক্ষণ প্রদান।
এইচসিএফসি ফেজ আউট বিষয়ক বিভাগীয় কর্মশালা	ওজোনস্তর রক্ষায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশিষ্ট সরকারী কর্মকর্তা, সুশীল সমাজ ও জনপ্রতিনিধিদের অংশগ্রহনে বিভাগীয় সেমিনার আয়োজন করা হয়।
বর্ডার ডায়ালগ	ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের অবৈধ অনুপ্রবেশরোধ ও আমদানি/রপ্তানি নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর ও UN Environment যৌথভাবে ঢাকায় Border Dialogue আয়োজন।
Communication Materials-মুদ্রণ ও বিতরণ;	জনসচেতনতামূলক কার্যক্রম, প্রশিক্ষণ কর্মশালা এবং সভা উপলক্ষে Materials-মুদ্রণ ও বিতরণ ;
Polyechnic & TTC এর Refrigeration and Air-Conditioning পাঠ্যক্রম-এ ODS বিষয়াদি অন্তর্ভুক্তির জন্য পাঠ্যক্রম প্রণয়ন ;	Polyechnic & TTC এর Refrigeration and Air-Conditioning পাঠ্যক্রম-এ ODS বিষয়াদি অন্তর্ভুক্তির জন্য পাঠ্যক্রম প্রণয়ন।

১৮.০। মনিটরিং এন্ড অডিটিং:

১৮.১। **মনিটরিং :**

কর্মকর্তার নাম, পদবী ও অফিসের নাম	পরিদর্শনের তারিখ	পত্র জারীর তারিখ	সুপারিশ
জনাব মোঃ আজগর আলী সহকারী পরিচালক আইএমইডি পরিকিল্পনা মন্ত্রণালয়	২৬/১২/২০১৭	০৭/০১/২০১৮	১) Tme bound Leagally Binding Protocol বাস্তবায়নের লক্ষ্যে যে সমস্ত প্রকল্প গ্রহণ করা হয় তা বিশেষ গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে যেন প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে অযথা সময় ক্ষেপণ না হয়। ২) প্রকল্পের মূল উদ্দেশ্য হলো বাংলাদেশে মন্ট্রিল প্রটোকল বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরে গঠিত ও জোন সেলের কর্মকান্ড অব্যাহত রাখা এবং কান্ট্রি প্রোগ্রামে বর্ণিত ওজোন ক্ষয়কারী দ্রব্যসামগ্রীর আমদানী ও ব্যবহার পর্যায় ক্রমিক হ্রাস করার লক্ষ্যে প্রয়োজনীয় কর্মকান্ডের সমন্বয় সাধন এবং পরিচালনা করা। এ বিষয়টি বাস্তবায়নে প্রশাসনিক মন্ত্রণালয়কে প্রয়োজনীয় মনিটরিং জোরদার করতে হবে। ৩) ওডিএস এর আমদানি নিয়ন্ত্রণ ও অবৈধ অনুপ্রবেশ রোধের লক্ষ্যে এ প্রকল্পের আওতায় যে ৫টি ওডিএস আইডেন্টিফায়ার ক্রয় করা হয়েছে, সেগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। ৪) প্রকল্প বাস্তবায়ন ও ওজোনস্তর ক্ষয়কারী গ্যাস আমদানীকারকদের লাইসেন্সিং প্রথা নিয়ন্তণের মাধ্যমে বাংলাদেশে ওজোনস্তর ক্ষয়কারী রাসায়নিক দ্রব্য আমদানী করার বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫) প্রশিক্ষণ কর্মশালা (নীতি ও আইন প্রয়োগ) : ওডিএসএর আমদানি নিয়ন্ত্রণ ও অবৈধ অনুপ্রবেশ রোধের লক্ষ্যে কাস্টমস এন্ট্রি পয়েন্ট প্রয়োজনীয় মনিটরিং ও মাঠ পর্যায়ের ভিজিল্যান্স কার্যক্রম বেগমান এবং জনসচেতনতা বৃদ্ধি করার জন্য বিভিন্ন ধরণের স্টেকহোল্ডারদের নিয়ে ৮টি প্রশিক্ষণ কর্মশালা হওয়ার কথা থাকলে ও সম্পন্ন হয়েছে মাত্র ৪টি, প্রকল্পের মেয়াদের মধ্যেই বাকী কর্মশালাগুলো সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৬) এই প্রকল্পের আওতায় নীতি-নির্ধারক ও আইন প্রয়োগকারী সংস্থার জন্য ট্রেনিং ম্যানুয়াল ৪০০টি, আরএসি সার্ভিস টেকনিশিয়ানদের জন্য ট্রেনিং ম্যানুয়াল ২৫০০টি প্রণয়ন করা হয়েছে। ট্রেনিং ম্যানুয়ালগুলো যাতে যথাযথভাবে ব্যবহার করে সে বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

১৮.২। **<u>অডিট সম্পর্কিত তথ্য</u>**: অডিট আপত্তিসমূহ নিম্মরূপঃ-

আর্থিক সন	আপত্তির শিরোনাম	জড়িত টাকা	অডিট অফিসের মন্তব্য
২০১৫	১৬/০৫/২০১৬	Nill	-
২০১৬	১২/০৭/২০১৭ অনুচ্ছেদ-১	Excess payment of Tk. 3.20 lakh made aginst hiring charge of vehicles over the provision	Resolved.

		of TAPP.	
	অনুচ্ছেদ-২	An amount of Tk. 1,03,260.00 paid to the supplier of food without supporting documents.	
	অনুচ্ছেদ-৩	Excess payment of Tk. 72,000.00 was paid to the particulars as conveyance for RAC training.	
২০১৭	২৯/০৮/২০১৮ অনুচ্ছেদ-১	Irregular conveyance expenditure amounting to BDT 1,85,000.00 has made to the participants to the Workshop.	Resolved.
২০১৮	৩১/১০/২০১৮	Nill	-

১৯.০। **ক্রয় সংক্রান্ত তথ্যাদি :** (Procurement of goods, Works and Consultancy Services): প্রকল্পের ক্রয় পরিকল্পনা টিএপিপি/আরটিএপিপি অনুযায়ী মোট ০৪টি প্যাকেজে ক্রয়কার্য সম্পন্ন করা হয়। এর মধ্যে পণ্য ও সেবা কাজের বিবরণ নিম্নরূপ : (টিএপি/আরটিপিপি অনুযায়ী)

(লক্ষ টাকা)

Description of procurement (goods/ works /Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Core Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per RDPP	Contracted value	Invitation date	Contract signing/I.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Goods						
1. Protechtion of Ozone Layer	3.00	2.50	28/07/16	18/09/16	RFQ	2.50
2. Technician Training Materials	5.00	4.90	20/04/15	31/05/15	RFQ	4.90
Service (Consultancy)						
1. Development of Technician Training Manual & Curricula for Technical Schools and Colleges	2.50	2.50	22/03/15	26/05/15	LTM	2.50
2. Customs Training Manual	1.50	1.50	22/03/15	26/05/15	SIC	1.50

২০.০। প্রকল্প পরিদর্শন: প্রকল্পটির বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাজুল ইসলাম কর্তৃক গত ১৯/০১/২০২৩ তারিখে সমাপ্ত প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২১.০। সার্বিক ও পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ :

২১.১। **প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি :** প্রকল্পের প্রকৃত ব্যয় হয়েছে ২৯৮.৫০ লক্ষটাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯৯.৯০% ও বাস্তব অগ্রগতি ১০০%।

২১.২। **ওজোনস্তর রক্ষায় বৈশ্বিক ও জাতীয় উদ্যোগ :** সরকার এযাবৎ ওজোনস্তর রক্ষায় ১৯টি প্রকল্প বাস্তবায়ন করেছে। প্রতি বছর ব্যাপক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ১৬ সেপ্টেম্বর আন্তর্জাতিক ওজোন দিবস পালন করা হচ্ছে। ২০১০ সালে বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে শতভাগ সিএফসি, সিটিসি, মিথাইল ক্লোরোফরম ব্যবহার বন্ধ করা হয়েছে। এ ছাড়া জানুয়ারি, ২০১৩ হতে ইনহেলার (এমডিআই) প্রস্তুতিতে সিএফসি ও রিফ্রিজারেটরের ইনসুলেটিং ফোম তৈরিতে ফোম ব্লোয়িং এজেন্ট হিসেবে এইচসিএফসি-১৪১বি এর ব্যবহার শতভাগ বন্ধ করা সম্ভব হয়েছে। ১৯৯৫ সাল হতে বাংলাদেশে মিথাইল ব্রোমাইডের ব্যবহার নিষিদ্ধ করেছে। মন্ট্রিল প্রটোকল বাস্তবায়নে বাংলাদেশের বিশেষ অবদানের জন্য বাংলাদেশ ২০১২ ও ২০১৭ সালে জাতিসংঘ পরিবেশ কর্মসূচি দ্বারা বিশেষ প্রশংসিত ও পুরস্কৃত হয়। ২০১৯ সালেও ডিএস চোরাচালান রোধে কার্যকর ভূমিকা রাখার জন্য জাতিসংঘ পরিবেশ কর্মসূচি কর্তৃক পরিবেশ অধিদপ্তর প্রশংসিত ও পুরস্কৃত হয়। বাংলাদেশে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য এইচসিএফসি নিয়ন্ত্রণের লক্ষ্যে HCFC Phase-out Management Plan (Stage-I) বাস্তবায়িত হয়েছে। এক্ষেত্রে HCFC এর বিকল্প হিসেবে Zero Ozone Depleting Potential (ODP),Low Global Warming Potential (GWP) and Energy Efficient, Hydrocarbon (HC) প্রযুক্তি ব্যবহার করে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২১.৩। **হিমায়ক, হিমায়নচক্র, রিফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং এ ব্যবহার কুলিং অ্যাপলায়েন্সেস, টুলস ও ইক্যুইপমেন্ট ও ইলেকট্রিক্যাল ইক্যুইপমেন্ট ও সার্কিট ইত্যাদি :** সিএফসি, এইচসিএফসি ও অন্যান্য ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য বায়ুমন্ডলে প্রবেশ করে ওজোনস্তরকে ক্ষতিগ্রস্ত করছে। এ সমস্ত পদার্থ বিশেষত রিফ্রিজারেটর ও এয়ারকন্ডিশনারে ব্যাপক ব্যবহার হচ্ছে। সে কারণেই এ সমস্ত দ্রব্য নিয়ে যারা কাজ করেন তাদের বিশেষ সাবধানতা অবলম্বন করতে হবে যাতে উক্ত দ্রব্যাদি বাতাসে ছড়িয়ে ওজোনস্তর ক্ষতিগ্রস্ত না করে। পরিবেশ অধিদপ্তরের ওজোনসেল, ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যসমূহের ক্ষতিকর দিক সম্পর্কে ব্যবহারকারী ও জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্য কাজ করে যাচ্ছে । বিশেষত রিফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং সেক্টরে নিয়োজিত টেকনিশিয়ানদের Good Service Practices সংক্রান্ত প্রশিক্ষণ দিচ্ছে। যার ফলশ্রুতিতে ঐ সেক্টেরের কর্মীদের একদিকে যেমন ওজোনস্তর রক্ষায় সচেতনতা বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে তাদের কর্মদক্ষতা ও বাড়ছে। Good Service Practices সংক্রান্ত প্রশিক্ষণের পাশাপাশি সাধারণ টেকনিশিয়ানদের কর্মক্ষেত্রে তাদের ব্যবহারিক জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে রিফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং এর বিভিন্ন কারিগরি দিক বিবেচনা করে পৃথক পৃথক সহায়ক গ্রন্থসমূহ বিগত জুন, ২০১১ সালে প্রথম প্রকাশ করে। পরবর্তীতে এই গ্রন্থসমূহের ব্যাপক চাহিদা থাকায় এবং নতুন প্রযুক্তি আসায় এর দ্বিতীয় সংস্করণের উদ্যোগ নেওয়া হয়। মূলতএইচসিএফসি ফেজ আউট ম্যানেজমেন্ট প্ল্যান-ইউএনইপি কম্পোনেন্ট প্রকল্পের আওতায় Good Service Practices সংক্রান্ত প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীদের চাহিদা বিবেচনা করে প্রকল্পের অর্থায়নে দ্বিতীয় সংস্করণের উদ্যোগ গ্রহণ করা হয়। এই সহায়ক গ্রন্থসমূহে রিফ্রিজারেটর ও এয়ারকন্ডিশনারে গুরুত্বপূর্ণ বিষয় এবং মন্ট্রিল প্রটোকল বাস্তবায়ন সর্বাধিক বিবেচ্য বিষয়সমূহ হিমায়ক, হিমায়নচক্র, রিফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং এ ব্যবহার কুলিং অ্যাপলায়েন্সেস, টুলস ও ইক্যুইপমেন্ট ও ইলেকট্রিক্যাল ইক্যুইপমেন্ট ও সার্কিট ইত্যাদি সম্পর্কে বিস্তারিত তথ্যাদি রয়েছে। বইসমূহ পাঠ ও ব্যবহারিক বিষয়গুলো প্রয়োগ করে রিফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং সেক্টরে কর্মরত টেকনিশিয়ান ও ইঞ্জিনিয়ারগণ তাদের কর্মদক্ষতা বৃদ্ধি করতে সক্ষম হবেন।

২১.৪। **এইচএফসি নিয়ন্ত্রণ কিগালি সংশোধন ও বাংলাদেশ :** মন্ট্রিল প্রটোক পসিএফসি-এর বিকল্প হিসেবে হাইড্রোফ্লোরোকার্বন বা এইচএফসি ব্যবহার প্রচলন করে। এইচএফসি ওজোনস্তর ক্ষয় করে না, কিন্তু এটি একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন গ্রীন হাউস গ্যাস। ২০১৬ সালের ১৫ অক্টোবর রুয়ান্ডার রাজধানী কিগালিতে অনুষ্ঠিত মন্ট্রিল প্রটোকলের ২৮তম পার্টি সভায় কিগালি সংশোধন গৃহীত হয়। এতে অধিক বৈশ্বিক উষ্ণায়ন ক্ষমতা সম্পন্ন হাইড্রোফ্লোরোকার্বন (এইচএফসি) এর ব্যবহার পর্যায় ক্রমে হ্রাসের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংশোধন বাস্তবায়িত হলে বর্তমান শতাব্দির শেষে বৈশ্বিক গড় তাপমাত্রা ০.৫ ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি হ্রাস করা সম্ভব হবে। কিগালি সংশোধনীতে ১৯ প্রকার এইচএফসি নিয়ন্ত্রণ করার কথা রয়েছে। সব ক্ষেত্রে এইচএফসি এর বিকল্প এখনো আবিস্কৃত না হওয়ায় সংশোধনীতে এইচএফসি এর ব্যবহার হ্রাসের কথা বলা হয়েছে। সম্পূর্ণরুপে বন্ধ করার কথা বলা হয়নি।

২১.৫। বিশ্ববাসীর সমন্বিত প্রচেষ্টার ফল হিসেবে মন্ট্রিল প্রটোকলের ৩০ বছরের মধ্যে পৃথিবী থেকে প্রায় ৯৮% ওজোনস্তর ক্ষয়কারী রাসায়নিকের উৎপাদন ও ব্যবহার হ্রাস করা সম্ভব হয়েছে। বিজ্ঞানীদের মতে, এ ধারাবাহিকতা অব্যাহত

থাকলে আগামী ২০৫০ সালের মধ্যে পৃথিবীর ওজোনস্তর পূর্বের অবস্থায় ফিরে আসবে। মন্ট্রিল প্রটোকলের কিগালি সংশোধনীর মাধ্যমে এ শতাব্দির শেষে পৃথিবীর তাপমাত্রা ০.৫ ডিগ্রি সেলসিয়াস এর বেশী না বাড়ার চ্যালেঞ্জ গ্রহণ করছে। এ চ্যালেঞ্জ মোকাবিলায় হাইড্রোফ্লোরোকার্বন (এইচএফসি) পর্যায়ক্রমিক হ্রাসের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববাসীর সঙ্গে বাংলাদেশও একসঙ্গে কাজ করবে এবং পূর্বের ন্যায় সফলতার ধারাবাহিকতা বজায় রাখতে সক্ষম হবে বলে মনে হয়।

২১.৬। ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের আমদানি ও ব্যবহার হ্রাস করার লক্ষ্যে বিভিন্ন সময়ে স্টেকহোল্ডার সভা আয়োজন করা হয়। ফোম সেক্টরে R-141b ব্যবহার সংক্রান্ত স্টেকহোল্ডার সভা এবং অধিদপ্তরের জুনিয়র কর্মকর্তাদের ওজোনস্তর রক্ষা বিষয়ক কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়। তাছাড়া আন্তর্জাতিক ওজোন দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক স্টেকহোল্ডার সভা আয়োজন করা হয়।

২১.৭। উন্নত এবং উন্নয়নশীল দেশগুলোকে প্রটোকলের বাধ্যবাধকতা মেনে ধাপে ধাপে HCFC ও HFC দ্রব্যের ব্যবহার হ্রাস করতে হবে। উন্নয়নশীল দেশগুলোর মধ্যে মন্ট্রিল প্রটোকল বাস্তবায়কারী অন্যতম রাষ্ট্র হিসেবে বাংলাদেশ এ প্রটোকলের বাধ্যবাধকতা পালন করে আসছে। এ প্রেক্ষিতে Time bound Protocol বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর কর্তৃক যে সমস্ত প্রকল্প গ্রহণ করা হয় তা বিশেষ গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে যেন প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে অযথা সময় ক্ষেপন না হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

২১.৮। পরিদর্শনকালে আরো জানা যায় যে, লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহ শুধু ওজোনস্তর ক্ষয়কারী গ্যাস আমদানী করতে পারে এবং চোরাচালান রোধে কাস্টমস কর্মকর্তাদের সবসময়ই অবহিত রাখা হয়েছে।

২২। **বাস্তবায়ন সমস্যা:**

২২.১। **সময় ও ব্যয় অতিক্রান্ত :** প্রকল্পটি মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৯৩.৪২ লক্ষ টাকা, মেয়াদকাল ছিল জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৮ পর্যন্ত। টাকার অবমূল্যায়নের কারণে প্রকল্পের ব্যয় সংশোধন করা হয় ২৯৮.৮০ লক্ষ টাকা, মেয়াদ বৃদ্ধি করে জানুয়ারি, ২০১৪ হতে জুন, ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। ফলে প্রকল্পের অতিরিক্ত ব্যয় হয়েছে ১.৮৩% এবং সময় অতিক্রান্ত হয়েছে ০২ বছর (৫৭.১৪%)।

২২.২। **প্রকল্প মনিটরিং :** আলোচনা ও পর্যালোচনা করে দেখা যায়, প্রকল্পটি আইএমইডি কর্তৃক ইতোপূর্বে ২৬/১২/২০১৭ তারিখে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। তবে আইএমইডি'র প্রতিবেদনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করা হয়নি।

